When I reached IIT, it was a different world. I was both overwhelmed and underwhelmed. It took me a while to swallow the fact that it was possible to have a heated argument and not follow it with fist fights. It was a huge relief not to have to watch my back all the time. I was especially taken aback by the simple kids form their sheltered backgrounds. Little did I realize that my college-mates must have been equally taken aback by my rough edges and unconventional demeanor. They had come from high performing schools with a lot of background preparation, and here I was.

Academically I was miserable as I had landed at IITK without adequate preparation. I had little formal education in Class XI and XII, and the curriculum at the institute presumed an advanced background from those years. However the library at IITK was my oasis; I had never seen one before. I started reading everything from world religions to current affairs. I managed to barely get by in most classes, but my natural leadership skills turned me into class rep and then hall president. Looking back I think I must have been a fearful figure to some of the kids. For the most part, though I was the “law and order” leader and tried to maintain that in the campus. I also tried to protect the weak and the bullied. Till date, I have no patience for bullies. However, my forceful personality cost me the college presidential election. I swore to myself, never to let my fate be decided by a group of people .Always considered a natural to run for political office, I have never run for any election since.

After college, I ended up with Tata Steel at Jamshedpur. In yet another instance of

luck, I became very close to Dr. Jamshed Irani, Managing Director who became my mentor. I learned many things from him, primarily treating subordinates from janitor to managers with equal respect. I visited multiple countries during this tenure. I was thrown into a leadership position again managing the large furnaces and the umpteen workers that operated them. However during a visit to Austria, from Tata Steel, I got interested in coding and started devouring books on that. Very soon I decided that “software engineering “ was my thing. Math and Physics blended into my next endeavor of learning to code.

I was offered a job in the Bay Area in Oracle soon, and that started the next chapter in the life of the rural kid that would roam the fields unhindered till late evening. He was now the software programmer on his way to America.

The first thing I did after coming here was buy a car, paying sticker price, presuming bargaining was not the “thing” in the US. Like everybody I went through my learning processes in the new country. However a lot of instances of human behavior bothered me. My inability to be diplomatic and way too straightforward sometimes landed me in big soups. That said,throughout my life even as a gang member I had always followed my heart in terms of trying to help people. I had sacrificed time and money in the process, but it made me happy. People however saw it as a weakness, and were surprised that I would work hard to help a non family member, with no expectations in return. They dubbed me impractical. I started to doubt myself until I suddenly started to read a book on Buddhism one day. It was teaching exactly what I was doing in life.I listened to Dr. Paul Ekman one day on NPR, and the next day by an absolute chance I met him face to face. That day started a journey of an amazing mentorship. I also met Professor Robert Thurman, Dr. B Alan Wallace, scions of Buddhism during different times and they have all become my closest friends and mentors.

Soon I was introduced to His Holiness the Dalai Lama. From there started my journey of “improving myself through conscious deliberation.” It is an ongoing process I




keep enjoying. I was requested by the Government of India to make a documentary for the tourism department. “Journey of the Heart” a documentary based on the Chinese explorer Hiuen Tsang to India and his quest for the Buddhist “Heart Sutra” took shape. This is now available on the YouTube.

I am at peace now. My visits to Dharamshala, meeting the children in Tibetan Children’s village give me immense pleasure. I intend to spend the next part of my life imparting




education to children in India, especially under-privileged ones. A life spent in the service of others is the road to real satisfaction. It can be done even while one is busy with the responsibilities of job and family. It takes a little desire and a little effort.

My wife, Dr. Barnali Verma is an apt companion in this journey. I tease her she has to be not "normal" to get along so well with me.She is from a regular upper middle class Indian household with the very routine upbringing. She jokes that I am "Ratnakar turned to Balmiki," She also jokes that my life story should be made into a film aka "Munnabhai MBBS".I don't I was ever Ratnakar, nor am I Balmiki. I have always wanted to be of help to others no matter my shortcomings or circumstances. During the period of my life as a "peacekeeper," I have had many close calls. I shudder to think that if the court date in Patna had been on the day of my IIT entrance exam, I would have naturally pursued a career in crime and, like my several friends, had a short life. Frederick Nietzche had said, "what does not kill you, makes you stronger." I feel fortunate to have those life experiences. My exposure to violence taught me the value of non-violence; from afar violence may appear exciting, but up close it is a terrible thing.



## THE CAPTIVATING EAST COAST-THROUGH MY EYES

*Aritra Bera*

Ever since I stepped foot in America, one of my main wishes was to visit New York. So when my parents told me that they have booked tickets for an East Coast trip, I knew it was an opportunity I could not miss. After reaching New York, our first stop was Flushing, which is home to the New York Mets Baseball Stadium and the exquisite Chinatown; these two are the only Flushing Attractions that we got to visit.

After spending a few hours in Flushing, we went for a Night Tour. The first place we visited on the Night Tour was Rockefeller Center. At the center of Rockefeller Center there is a beautiful gold fountain, known as “Prometheus Fountain.” Surrounding the Prometheus fountain there were several stores, including Lego and Nintendo. During our visit, we also got to watch a small futsal tournament being hosted. The main attraction of Rockefeller Center was the NBC studio. Being in front of the actual studio was extremely thrilling for us, because it was something me and my mom wanted to visit ever since we started watching NBC Nightly News. Being at the broadcasting center physically was a completely different experience that can only truly be described when you see it yourself.

Our next stop was the world famous Times Square. At Times Square, there is an amphitheater where there are live performances such as drum circles. The best part about Times Square is that it has a lively spirit with all those bright LED displays, especially at night. Right in front of the amphitheater is the iconic crystal ball, which is dropped at Midnight on New Year’s Eve.

Talk of any popular brands, and Times Square has it. Hence, no trip to Times Square is complete without a visit to these stores. Some of the ones that we visited included Hershey’s, M and M’s Chocolate Factory, and Disney. Each one of these stores had very unique displays, such as the World’s largest Hershey Bar at the Hershey’s factory, and a M and M’s model of NYC at its factory. If you are interested in purchasing souvenirs, there are stalls right outside the Times Square stores that offer amazing items at unbeatable price.

The next day we went to visit Wall Street; the hub of high-rise buildings, including headquarters of several famous banks. At the end of Wall Street is the iconic Charging Bull statue. The statue portrays a bronze color bull charging at a girl, who is standing there fearless. The Bull symbolizes the strong stock market in which participants are optimistic and confident just like the little girl.  I would recommend visiting the Charging Bull in the morning, because in the afternoon, it becomes very crowded.

Our next stop was the exemplary Empire State Building, which was World’s tallest building until 1974, when the World Trade Center was built. On the 18th floor there are several displays which illustrate the history of the Empire State Building, and also why it is so iconic. The views from the Empire State Building are extraordinary, especially from the observation deck on the 86th floor. From here, you can see all of New York in a 360 degree panoramic view. You can even go up to the very top, the 102nd floor, but you need to buy special tickets which are very expensive. Also, the view from the 86th

floor is the same as the 102nd floor. After the Empire State Building, we visited Madame Tussaud's Wax Museum. In the museum, they had wax figurines of many famous celebrities, from Johnny Depp and Scarlett Johansson to even Aishwarya Rai and Hrithik Roshan! There were also figurines of movie characters and politicians, from Lincoln to Trump. The best part of the museum was the Ghostbusters Experience. However, this experience is exclusive to people who purchase Platinum tickets. It was like walking through a haunted house, and most of the time it was hard to distinguish between the figurines and actors.

Next, we went to the Intrepid Air Museum. At the Intrepid, you get to see a variety of old air force planes on display. These ships performed a variety of tasks such as rescuing troops, bombings and even dropping off supplies. Also there is a Space Shuttle where you can observe how astronauts lived inside. I wish I had been given more time to explore the museum, because there were some things I did not have time to visit, such as the flight simulator ride, and the tour of the submarine. Our final stop for the day was the Statue of Liberty Cruise. As soon as we boarded the cruise, a narrator greeted us. On the cruise not only did we see Lady Liberty, but we also saw several other things such as the new World Trade Center, which is now the tallest building in New York, and several celebrity apartments where stars like Hugh Jackman and Lady Gaga live. Our narrator also showed us the place where Alexander Hamilton was killed. It wasn't till the end of the cruise that we were able to visit the Statue of Liberty. `Our narrator told us that out of all the attractions around the world, the Statue of Liberty was the third most visited. On our next day, 4th of July, we drove out of New York, and into Philly (Formally known as Philadelphia).

At Philly, we visited the Independence Hall, where the Declaration of Independence was writen, and also the Liberty Bell, which got cracked on America's 200 Year Anniversary, when it was rung 200 times. From Philly, we moved on to America's Capital, Washington D.C.

Our first stop at D.C. was the Capitol Building, the home of the US Congress. Unfortunately due to the festive arrangements of 4th July, we were not allowed to enter most of the popular monuments at Washington D.C. Such was the case for the Capitol Building and we had to satisfy ourselves with taking pictures from a distance. Our next stop was the National Air and Space Museum. This was my favorite stop of the entire trip. Inside, there were many exhibits, such as 'What Makes a Plane Fly?' which had many interactive exhibits. There was a display about the Wright Brothers, with the Original first plane ever flown. However my favorite was the Apollo Spacecraft Exhibit; we got to watch the original Apollo 11 Command Module, along with the astronaut's spacesuits, food, and Diaries.

From the Air and Space Museum, we began the long walk to the Washington Monument. Here, we were only allowed to take pictures. We continued walking to the White House, the residency of the US President. Unfortunately, the White House was covered by several barricades, making it impossible to see anything except for the entrance. We left disappointed, and had to move on to the next stop, the World War 2 Memorial.

Around the memorial, there were 50 columns, each with the name off a state. In the middle there was a fountain, and a long, reflective pool. We dipped our feet in the pool, and it felt refreshing (the temperature on that day was 105 degree). We had to view the Lincoln Memorial from the World War 2 Memorial, because it was sanctioned off. Even though we were not able to see the monuments, we did get to see some extra things that are not available during other times of the year, such as the 4th of July parade, and the 4th of July Carnival. I definitely would not recommend visiting D.C. In July, it is scorching hot, and most of the monuments are closed, or inaccessible.

The next day, we visited the largest waterfall in the world in terms of volume, Niagara Falls. On the way, our first stop was at the Whirlpool State Park, where we got a unique view of the Niagara Whirlpool. The water has a distinct aquamarine color, making the area scenic. From there, we went to the Niagara Fort. This fort served as a trading center between The Native Americans and the British, who seized it from the French. Later, during the Revolutionary War, the Americans stole it from the British. Whoever had control of the Fort basically controlled business in North America. They would trade cheap items for the Native Americans such as beaver fur, and sell it for an extreme profit. When we arrived, we were lucky to witness a gun show. Actors dressed as French Army Men displayed the different formations and tactics that were used during the war, and how efficient they were. Inside the fort, the soldier's beds, chapel, dining hall, and Living room were also displayed. We then went to the IMAX Theater to watch the movie about people who did stunts on the falls. Overall, the movie was very informative. It is definitely something I would recommend to first time visitors who want to learn more about the falls before actually experiencing it.

Finally, we went to Niagara Falls; it is absolutely breathtaking. They were extremely scenic, and the sound of the raging water is something I will never forget. On the other side of the falls, the Toronto skyline was visible. To the right was the bridge linking the US side to the Canada side, known as Rainbow Bridge. There are three falls, from Largest to Smallest: Horseshoe Falls, American Falls, and Bridal falls. As soon as we got to the Niagara Falls, we took the Maid of the Mist Boat Ride. The boat took us all the way to the bottom of the falls, and we got completely drenched. We were visibly surrounded by the fall from every side, and the view was unlike anything I had ever previously experienced. Since our Hotel was just a 2 minute walk from the falls, we decided to come back again in the evening for a night view. In the evening, they had a lighting show, changing the color of the falls to blue, pink, red, and even orange. Visiting the falls at night was a completely different experience. The park was noticeably less crowded, and the Toronto skyline was even more beautiful, thanks to shining bright lights of the buildings. At 10pm, we were lucky to be able to watch the fireworks. The extra visit to the falls at night was definitely worth it.

The next day we began the painful 8 hours journey to Boston. By the time we arrived, it was already 4 pm. Our first stop in Boston was the world's most prestigious university, Harvard University. Visiting this university was absolutely an amazing experience. We entered through the side gate, because our tour guide told us that students at Harvard have a superstition that one can only go through the main gate twice, when they first

come in to start their education, and when they graduate, or else, it brings them bad luck. When I stepped through the gate, I was thoroughly impressed. The Campus was scenic and mindblowing, with its 16th century architecture, inspired by the Puritans, a religious group that traveled from England. Each of the buildings looked like a castle, because it was made out of red bricks. At the center of campus was the main Library, the largest in the world with just under 17 MILLION books! It sure was paradise for any booklovers. From the Library we went to the chapel, where the graduation ceremonies are held. The names of the students who died during World War 2 were engraved on the sides of the chapel. Finally, we went to the statue of John Harvard. The shoes of the man were gold, but over time the color of the shoes have got faded, as students rub the feet of the statue before exams, believing it gives them good luck.

From Harvard we went to MIT. MIT's campus wasn't as photogenic as Harvard's, but it was still quite good looking. At the front of the campus was a sculpture created entirely out of math symbols. We also saw the main campus, which was very Modern Looking.  After Visiting 2 of the top 5 Universities in the world, we decided to head out for dinner. Boston Harbor is famous for its seafood, so having some fresh Lobster is an absolute must. The next day, our final day, we started off with a Boston Sightseeing Cruise. Some of the sights we saw were the Boston Airport, the First ship plated with Iron, (nicknamed "Old Ironsides") and TD Garden, home of the NBA team the Boston Celtics. Old Ironsides was coated with Iron so that Cannonballs from opposing ships would bounce off. In its 200 Years of use, it never lost a single battle! We also saw some luxury apartments, which according to our tour guide, belong to celebrities, and cost at least 4 million dollars! Before closing off our tour, we visited the Quincy Market. They had a variety of shops which sold anything from souvenirs to comic books. In the market, there were also a variety of small food stalls which offered nice seafood.  From Boston, we went back to New York, where our trip ended.

With hopes to return and explore more, this East Coast trip will definitely be an everlasting memory for me.



SMUD®

**Introducing Time-of-Day Rates**

We have a new **Time-of-Day (5–8 p.m.) Rate** which will become the standard rate for residential customers in 2019.We'll begin transitioning some customers to the new rate starting in October, and we expect to have most customers on the new rate by spring 2019.

Time-of-Day Rates better align with the actual cost of providing service. When you use electricity is just as important as the amount you use since you'll pay different rates for electricity based on the season and the time of day you use it. TOD Rates are higher on weekdays from 5 to 8 p.m. because that's when it costs more to deliver energy to you.

Soon, you'll have the flexibility to control your electricity bill by:

- Shifting electricity use to lower-cost off-peak periods.
- Using less during the 5 p.m. to 8 p.m. peak hours when electricity costs the most.
- Reducing overall usage.

As your community-owned, not-for-profit electric service, we offer tools and tips to help you save energy when it matters most.

Learn more at **smud.org/TimeOfDay**



## RUTHLESS MAJORITY

***Siddhartha Poddar***

Have you ever wondered about India's ancient history? If so, you may know about the great king Ashoka. Do you think we should we remember him as a ruthless conqueror or an enlightened ruler?

According to me, Ashoka was a ruthless conqueror for most of his life, and should be remembered as so. Ashoka gained his reign from 268 B.C.E until his death in 232 B.C.E. In just 10 years, he expanded the Mauryan Empire to the southeast coast of India (Near Kalingan Empire), by attacking and killing tens thousands of people. Eventually, he stopped at the close-to-death time of life and became a Buddhist. But I believe that he only did that because there was nothing left to conquer (as stated from a document). People who disagree, may say that he was only doing a kings duty, but he had already killed more than he needed to. By that time, he was killing like it was a game. Even in his remorse for the Kalingan battle, he still threatened people that if they objected or did anything of their will, they would be killed or harmed. Some people may call this as "being a good and leading king", but I think not.

My point of view for considering Ashoka as ruthless are stated below.

As stated earlier, my first reason is because of how many kingdoms and people he had conquered and killed before "becoming" enlightened. By conquering these kingdoms, he also killed lots of innocent people, and therefore, he is considered ruthless because he would not stop at anything, (from different historians), where it is said the almost 100,000 people were killed in the Kalingan Battle, maybe even more! It also says that 150,000 Kalingans were driven out of their home by brutal force. It shows that Ashoka was harsh, and doesn't deserve to be the "Beloved of the Gods".

Secondly, Ashoka was ruthless even in his remorse. Although Ashoka may have felt bad for his actions, he still had the Kalingans under control, and threatened to kill or give great harm to them if they repented or objected against him. Many sites and historians also say that Ashoka considered himself to be the "Beloved of the Gods", which is disagreeable. For me, it shows how Ashoka may have faked being a Buddhist, because a Buddhist is one who gives up everything, even their power. Ashoka did not do this, because he did not give up on his reign.

Considering these reasons and evidences, I feel Ashoka should be remembered as a ruthless conqueror, not an enlightened ruler. He killed, he conquered, he threatened even when he felt bad. These are the harsh qualities it takes to be a ruthless conqueror. Therefore, history should remember him as a ruthless conqueror.

# ভায়রা-ভাই

গৌতম সরকার
ওয়েস্ট ভার্জিনিয়া, ইউ.এস.এ

একই সাথে কান ধরে বেঞ্চের উপর দাঁড়ানো, বা ক্লাসরুমের বাইরে নিলডাউন হবার পর স্কুলের বন্ধুরা যখন হয় ভায়রাভাই!

ধ্রুবর সাথে আলাপ সেই ৭০-এর দশকের শেষার্ধ থেকে, যখন আমরা একই সাথে বালিগঞ্জ গভর্নমেন্ট হাই স্কুলের ক্লাস ওয়ানে ভর্তি হলাম। স্কুলে যাতায়াত করতাম স্কুলের বাসে। বালিগঞ্জের বাড়ি থেকে কয়েক পা হাঁটলেই গোলপার্ক, আর সেখান থেকেই স্কুলের বাসে ওঠা-নামা। ভোরবেলা তো মা ভালোয় ভালোয় বাসে উঠিয়ে দিতেন। কিন্তু ফেরার সময়? যদি ঠিক স্কুলবাসে না উঠি, বা বাস থেকে ভুল জায়গায় নেমে পড়ি, তাহলে? তাতেই মায়ের চিন্তার শেষ ছিল না। মা মোটেই রাজী ছিলেন না যে আমি এত দূরে কোথাও স্কুলে যাই (আসলে কিন্তু হেঁটেই যাওয়া যায়!)। বাড়ির কাছেই তো জগবন্ধু (জগদ্বন্ধু), আর তা না হোলে আর দু পা এগোলেই পাঠভবন বা সাউথ-পয়েন্ট, তা হোলে? কিন্তু বাবা-কাকারা নাছোড়বান্দা। এই স্কুল থেকে নাকি প্রতি বছরই স্কুল-ফাইনালে ষ্ট্যান্ড' করে, কোনো কোনো বছর নাকি ফার্স্ট-সেকেন্ড-থার্ড সব একই সাথে! তা ছাড়া কে নাকি একজন সত্যজিৎ রায় এই স্কুলেরই ছাত্র ছিলেন! অগত্যা মায়ের বারণ ধোপে টিকল না।

মা তাই রোজই পাখী পড়ানোর মতো করে আমাকে স্কুলবাসে ওঠার আগে বলে দিতেন যে স্কুল ফেরত ঐ যখন গোলপার্কের বিবেকানন্দের মাথা দেখতে পাবে, জানবে তখনই বাস থেকে নামতে হবে। আমার কি ছাই আর অত মনে থাকে, যে কখন বিবেকানন্দের মাথা দেখতে হবে? কিন্তু হুসেইনদার (ড্রাইভার) স্কুলবাসে আরও একজন থাকতেন, যার কাজই ছিল আমাদের ঠিকঠাক নামিয়ে দেওয়া। বয়সে হয়ত তিনি আমার বাবার চেয়েও বড়, কিন্তু সবাই তাঁকে বলত ধ্রুবদা। ভোরবেলা মায়ের কথা তাই আর তেমন গায়ে মাখতাম না, জানতাম যে আমি ভুলে গেলেও ধ্রুবদা ঠিক জায়গায় নামিয়ে দেবেন! পরিত্রাতা ধ্রুবদা! এরই সাথে আর একটা জিনিস নজরে এল, আমাদের ক্লাসের ঐ কালো করে ছেলেটা; যে ঐ পার্ক-সার্কাসের মাঠের দিকটায় স্কুলবাসে নামা ওঠা করে, ওর নামও তো ধ্রুব!

তারপর কোথা দিয়ে সময় চলে গেল। মর্নিং-সেকশন, ‘মুনমুন সেন’ পাড়ি দিয়ে আমারা পাড়ি জমালাম ডে-সেকশনে। বেশ বন্ধুত্ব হয়েছে তত দিনে ধ্রুবর সাথে! একবার একটা কথা শুনে কেমন যেন অদ্ভুত মনে হোল ছেলেটাকে; ও নাকি বড় হয়ে ইন্ডিয়ান ক্রিকেট টিমের ক্যাপ্টেন হতে চায়! এ কেমন কথা? আমি তো জানতাম বড় হয়ে ডাক্তার বা ইঞ্জিনিয়ার হতে হয়!

এরই মধ্যে মা পাড়ি দিলেন এক অন্য জগতে। সব কিছুই কেমন যেন ওলট-পালট হয়ে গেল, পৃথিবীটাই কেমন যেন ফ্যাকাসে, বিস্বাদ আর পানসে হয়ে গেল। এইসবের মধ্যেও ধ্রুবর উপস্থিতি ছিল বিশেষ ভাবে।

ক্লাস সেভেন থেকে আর স্কুলবাসে যাতায়াত করা যায় না। অগত্যা পাবলিক-বাস। কিন্তু কিছুদিনের মধ্যেই ডানা গজালো আমাদের। স্কুল ফেরত পাবলিক বাসের বদলে যদি হেঁটে যাওয়া যায় খানিকটা পথ, বা পুরোটাই; তাহলে? তাহলে তো ক্লাসের আড্ডাটা আরও একটু বাড়ানো যায়, নয় কি? তেমনই হোল। স্কুল থেকে বালিগঞ্জ সার্কুলার রোড ধরে হেঁটে, সুচিত্রা সেন-মুনমুন সেনদের বাড়ি পেড়িয়ে, বালিগঞ্জ সায়েন্স কলেজ ছাড়িয়ে সোজা বালিগঞ্জ ফাঁড়ী। সেখান থেকে ধ্রুব বাসে যেত পার্ক সার্কাসের দিকে, আর আমি আর একটু হেঁটে উল্টোমুখে গড়িয়াহাট-গোলপার্কের দিকে! সাথে আরও কয়েকজন থাকত, সুমন্ত (চক্রবর্তী), চন্দ্র (চন্দ্রনাথ রায়চৌধুরী), হোজো (জ্যোতির্ময় দত্ত), ইন্দ্র (ইন্দ্রনীল চ্যাটার্জি), কল্লোল (রায়) - এরা। মাঝে-সাঝে যোগ দিত প্রমিত (মুখার্জি), বা গৌরাঙ্গরা (চ্যাটার্জি)। মাঝপথে সপ্তপর্ণীতে সুমন্তর বাড়িতে আড্ডা হোতো অনেক সময়

এই সময়ই বাড়ল ধ্রুবর সাথে বন্ধুত্ব! এখন থেকে আর শুধু স্কুল, বা স্কুল ফেরত রাস্তায় নয়, একে অপরের বাড়িতেও যাতায়াত শুরু হোল; আড্ডাও বাড়ল! ধ্রুবর বাড়িতে গেলে কাকু-কাকিমা (ধ্রুবর বাবা-মা) খুশী হতেন, বিশেষত কাকিমা। মনে হোতো যে কিছুক্ষণের জন্য হলেও, উনি আমার মায়ের অভাবটা কোন না কোন ভাবে পুষিয়ে দিতে চান।

একই সাথে জুটি বেঁধে আমি আর ধ্রুব জিতেছিলাম আমাদের স্কুলের বাৎসরিক ক্যারাম-চাম্পিয়ান্সিপ, আমাদের ক্লাস নাইনে; এমন কি স্কুলের ক্লাস টেন,ইলেভেন বা টুয়েলভের বড় বড় দাদাদেরও হারিয়ে দিয়ে!

মাধ্যমিক এল, গেল। তেমন কিছুই টের পেলাম না। শুনেছিলাম আমাদের স্কুলের ফেল করা ছেলেও নাকি মাধ্যমিকে ফার্স্ট ডিভিশন পায়, স্টার পায়; ঠিক তেমনটাই হোল, সেটাই দেখলাম। উচ্চমাধ্যমিক এল। সবার মধ্যেই আই.আই.টি, আর জয়েন্ট-এন্ট্রান্স পরীক্ষায় বসার হিরিক পোরে গেল; ডাক্তার, ইঞ্জিনিয়ার হবার বাসনায়। ধ্রুবর মধ্যে এই ব্যাপারে তেমন কন হেলদোল দেখলাম না, ও বোধহয় বেশী বেস্ত ছিল ইন্ডিয়ান ক্রিকেট টিমের সাফল্য কামনায়!

ঐ সময় নাগাদ ধ্রুব মাঝেসাঝেই নর্থ-বেঙ্গলে ওর কাকাদের বাড়িতে বেড়াতে যেত স্কুলের ছুটিতে, ফিরে এসে আমাকে ওদিককার গল্প শোনাত; ওদিককার মানুষরা নাকি অন্য রকম, এদিককার থেকে ভালো। ওখানে নাকি অমুক বাড়ির অমুক কাকিমা তমুক বাড়ির তমুক মামিমার বাড়ি বেড়াতে গিয়ে নির্বিকার ভাবে কুটনো কেটে বা বাটনা বেঁটে গল্পগুজব সেরে দিব্যি নিজের বাড়ি ফেরত আসেন! আমারও আর কোলকাতায় মন টিকছিল না। বাইরে কোথাও যাব সেটাই মনে মনে ঠিক করলাম। কিন্তু আমার মনে তখন নর্থ-বেঙ্গল নয়, শুধুই অ্যামেরিকা!

কিন্তু মুখ ফুটে বাড়ির কাউকে সে কথা বলার সাহস পেলাম না; ছোট মুখে বড় কথা, বামুন হয়ে চাঁদ ধরা □এইসব শোনার ভয়ে। বাড়িতে লুকিয়েই শুরু করলাম অ্যামেরিকান ইউনিভার্সিটিগুলোতে অ্যাপ্লাই করা, আর SAT-TOEFL পরীক্ষার প্রস্তুতি। কিন্তু এইসব করতে টাকা লাগে যে! তা পাব কোথায়? কয়েকটা প্রাইভেট টিউটরিং শুরু করলাম। কিন্তু তা যথেষ্ট নয়। এত কথা পেটে চেপেও রাখতে পারছিলাম না। বলেই ফেললাম দুই-একজনকে। ধ্রুব তাদেরই একজন। শুনে ও অবাক হোল না খুশী হোল তা ঠিক বুঝলাম না। ও শুধু জিজ্ঞেস করলো যে কত টাকা লাগবে আমার, ঐ পরীক্ষা দুটোয় বসতে?

দিন কয়েক বাদে দেখি ও সকাল সকাল এসে হাজির আমার কাছে। এই সময়ে তো ও এমনিতে আসে না! বললাম কি রে, কি ব্যাপার, এই সাত-সকালে? দেখি ও ওর পকেট থেকে টাকা বার করছে। বলল যে □নে এই টাকা কটা রাখ, দেখছি আর কি করা যায় তোর ঐ SAT-TOEFL–এর জন্য□! এবারেও □পরিত্রাতা ধ্রুব□, শুধু □ত্রা□টা বাদে।

৩০০ টাকা! ঐ সময় আমার কাছে অনেক। হিসাব করে দেখলাম যে এতে আমার TOEFL-এর fee হয়ে যাবে। আর আমার টিউটরিং থেকে SAT-এর fee! কেল্লা ফতে! বন্ধুর বাড়ি পড়তে যাচ্ছি □এই মিথ্যা ফেঁদে বাড়ি থেকে পালিয়ে পরীক্ষা দুটো দিলাম, পাল্লা দিয়ে চালালাম অ্যাপ্লিকেশান করা। ক্রমে বাড়িতে জানাতে বাধ্য হলাম। অ্যামেরিকা থেকে এত চিঠি-পত্র আসতে লাগলো বাড়িতে, যে না জানিয়ে আর উপায় ছিল না। তারপর একদিন এল সেই বহু আকাঙ্খিত চিঠিটা □অ্যাক্সেপটেন্স লেটার, উইথ স্কলারশিপ!

ধ্রুব এমনিই একদিন দেখা করতে এসেছিলো (তখন আমাদের বাড়িতে ফোন ছিল না)। ওকে জানালাম। শুনে আমাদের শোয়ার ঘরটার মধ্যেই ও বার কয়েক লাফাল, তারপর জড়িয়ে ধরে, চুমু খেয়ে, একেবারে একাকার কাণ্ড! আমার দেশ ছাড়ার দিনও ও এসেছিল, দমদম-এয়ারপোর্ট পর্যন্ত। সেদিন আর কোন লম্ফ-ঝম্প ছিল না। বিদায় জানানোর সময় শুধু দেখলাম যে ওর চোখের কোণ থেকে ঝড়ে পড়ল কয়েক দানা মুক্ত। আমিও মুখ লুকিয়ে হাঁটা দিলাম এমিগ্রেসান অফিসের দিকে।

এরপর অ্যাটল্যান্টিক আর প্যাসিফিক ছাড়াও আমাদের আলাদা করে দিলো প্রায় বারো ঘণ্টার ‘টাইম-ডিফারেন্সে’ আমাদের দৈনন্দিন জীবনের রুটিন আর আমাদের সামগ্রিক জীবন ধারার তফাৎ, প্রায় বছর ২৫ যাবত। তারই মাঝে যতবার ভারতে এসেছি, ওর সান্নিধ্য পেয়েছি খুব কাছ থেকে; কোলকাতায়, মুর্শিদাবাদে, শিলিগুড়িতে। ও ঠিক মনে রাখে যে আমি কোন ধরনের গল্পের বই পড়তে বা গান শুনতে ভালোবাসি, তাই আগাম কিনে বা জোগাড় করে রাখে সেগুলো আমার জন্য! এগুলোর অনেক কিছুই অ্যামেরিকাতেও পাওয়া যায়, কিন্তু ওর কাছ থেকে পেতেই আমার বেশী ভালো লাগে; গল্পের স্বাদ বেড়ে যায়, গানগুলোও যেন আরও বেশী শ্রুতিমধুর লাগে! ওর ধারণা যে ওর দীর্ঘদিন যাবত অ্যামেরিকা-বাসী বন্ধু বোধহয় আর ভারতীয় বিধি-ব্যাবস্থায় ততটা সড়োগড়ো নয়, তাই দেখা করার সময়ও আগলে রাখে আমাকে (অনেকটা আমার দাদার মতো, দাদার কথা পরে লিখব)। আমাকে ওর কাছে যেতে হয় না, ওই আসে আমার সাথে দেখা করতে; যখন, যেখানে, যেমন ভাবে সম্ভব। একসাথে কোথাও যাওয়ার থাকলে ওই এসে আমাকে নিয়ে যায়; ট্রাম, বাস, ট্যাক্সি বা ট্রেন-ভাড়া দিয়ে। এমনও হয়েছে যে আমি ওর বাড়ি থেকে সরাসরি গেছি আমার মুর্শিদাবাদের ‘দেশের’ বাড়ীতে, কিন্তু ট্রেনের টিকিটটা পয়সা খরচ করে কেটে আমাকে ট্রেনে উঠিয়ে দিয়েছে ওই, ট্রেন ছাড়া পর্যন্ত আমার জানলার পাশে প্ল্যাটফর্মে ঠায় দাঁড়িয়ে থেকে!

এই সুত্রেই সম্প্রতি সম্ভব হোল ওর শালীর সাথে আমার বিয়ে; কারণ অ্যামেরিকা থেকে আমি যখন কোলকাতায় এসেছিলাম, তখন হটাত কোরে ধ্রুব ওর কর্মস্থল শিলিগুড়িতে আমাকে ওর কাছে বেড়াতে না নিয়ে এলে হয়তো এমনটা হওয়ার কন সম্ভাবনাই ছিল না! এই প্রসঙ্গে একটা মজার ব্যাপার মনে পড়ে। আমরা যখন ক্লাস সেভেন বা এইটে পড়ি, ধ্রুব তখন একাই একদিন এক অদ্ভুত সমীক্ষা চালিয়েছিল, আমাদের কুড়ি মিনিটের টিফিন-ব্রেকটার মধ্যেই। সেইদিন ও আমাদের ঘনিষ্ট বন্ধু বান্ধবদের একক আর আলাদা ভাবে জিগ্যেস করেছিল যে সুযোগ হোলে আমরা অন্য কোন ক্লাসমেটের সাথে একসাথে থাকতে চাইব কিনা, রুমমেট বা একই পরিবারের সদস্য হিসাবে। যে কোন দুই বন্ধুর ইচ্ছা আর উত্তর মিলেমিশে এক হোয়ে যায় কিনা সেটা জেনে নেওয়াই ছিল ওর উদ্দেশ্য! এমনটা যে বাস্তবে সম্ভব, তা কিন্তু ভেবেছিল ঐ ছোট্ট ধ্রুবই! এই প্রসঙ্গে জানিয়ে রাখা ভালো যে সেদিন আমার সাথে যার উত্তর মিলে গিয়েছিলো, সে ধ্রুব নয়, তপদেব (চক্রবর্তী), যে কিনা আজ বহুদিন যাবত ইংল্যান্ডবাসী।

বন্ধুতো ও ছিলই, বরাবরই। ধ্রুব এখন আমার ভায়রাভাইও বটে। আমি ভাগ্যবান, এ ছাড়া আর কী বা বলতে পারি? আমরা একই পরিবারের সদস্য, সেটাই বা আর আশ্চর্য কি? বিয়ে উপলক্ষে ধ্রুবকে বেশ কয়েকদিন একসাথে খুব কাছে পেলাম। ওর শালীর সাথে ওর বন্ধুর বিয়েতে ওর ছুটো-ছুটি, দৌড়া-ঝাঁপের কোন অন্ত ছিল না। বিয়ে করতে কোলকাতা থেকে আমি যখন সপরিবারে শিলিগুড়ি এসে পৌঁছালাম, তখন নিউ জলপাইগুড়ি স্টেশনে আমাদের নিতে এসেছিল ধ্রুব। বিয়ের লগ্নে ফুল দিয়ে সাজানো গাড়িতেও আমাকে নিয়ে যেতে এসেছিলো ওই। ওর শোওয়ার ঘরে, ওর বিছানায় বাসর-রাত কাটালাম  বৌ সাথে থাকলেও মনের অনেকটা জায়গা জুরে ছিল শুধুই ধ্রুব। মনে হোল যে বিগত ২৫ বছর কখন যেন তলিয়ে গেছে ঐ অ্যাটল্যান্টিক বা প্যাসিফিকের কোন এক অতল গহ্বরে!




পুনশ্চঃ- ধ্রুব এখন পশ্চিমবঙ্গ সরকারের মস্ত অফিসার। সরকারি কাজেই সম্প্রতি ঘুরে গেছে অক্সফোর্ড ইউনিভার্সিটি থেকে।

# ভীম--//----কিছু না বলা কথা

জয়তী রায়

আজ সকাল থেকে বৃষ্টি। মহাপ্রস্থানের পথে যাত্রা শুরু করেছি চার দিন হলো। চলেছি ঘন অরণ্যের মধ্যে দিয়ে। অরণ্যে বৃষ্টি হলে ঠান্ডা আরো জাঁকিয়ে বসে।

রাত গভীর , চার ভাই আর দ্রৌপদী, নিশ্চিন্তে ঘুমোচ্ছে। পাতার আগুন প্রায় নিভু নিভু। আহা! সারাদিন পথশ্রমে বড়ো ক্লান্ত ওরা। তবু তো কৃষ্ণাকে কাঁধে করে নিয়ে এলাম অনেকটা পথ। আমার বলিষ্ঠ প্রশস্ত স্কন্ধে পা ঝুলিয়ে বসে, বালিকার মতো উচ্ছলতায় আশে পাশের বৃক্ষের পাতা গুলি ছুঁয়ে ছুঁয়ে যেতে যেতে কৃষ্ণা ,আমাকে বার বার প্রশ্ন করছিল, " কষ্ট হচ্ছে মধ্যম পাণ্ডব?" উত্তর না দিয়ে পদ্মের মতো চরণ দুটিকে বুকের মধ্যে আঁকড়ে ধরে সাবধানে চলতে লাগলাম।

এখন সকলে রয়েছে ঘুমের রাজ্যে। নিশ্চিন্তে শিশুর মতো ঘুমিয়ে আছে চার মহাশূর ভাই আর কৃষ্ণা। নিশ্চিন্ত। কারণ আমি আছি। আমি ভীম। দেব দৈত্য দানবের ক্ষমতা নেই এদের চুল স্পর্শ করার।

কৃষ্ণা কি সুন্দর। ঘন পাতার ফাঁক দিয়ে চাঁদের আলো পড়েছে পদ্মের মতো মুখে। নিজের স্ত্রীকে এই ভাবে গোপণে দেখা অন্যায় কি কিছু? জানি না। তবে বেশিরভাগ সময় লুকিয়েই দেখি ওই নারীকে। যেমন সমীহের চোখে লোক দেখে দূরের নক্ষত্র। সরোবরে ফোঁটা পদ্ম। অথবা পূর্নিমার চাঁদ ।

আমি জানি , দ্রৌপদী আমাকে ভালোবাসেনা। কিন্তু ভরসা করে। জলে জঙ্গলে যেখানে হোক আমার পরিবার শান্তিতে থাকে কারণ তাদের ভীম আছে। ক্লান্তিকর দিনের শেষে এই ভরসা টুকু আমার প্রাপ্তি।

মনে আছে বক রাক্ষসের কথা? প্রতিদিন একটা মানুষ ছিলো তার খাদ্য। গর্ব করে মা কুন্তী পাঁচ ভাইয়ের মধ্যে আমাকেই এগিয়ে দিয়েছিলেন। এতটুকু দ্বিধা করেন নি। করবেনই বা কেন? ভীম মানে তো ভরসা। জতুগৃহে আগুন লাগলে ভাইদের আর মাকে কাঁধে করে ক্রোশের পর ক্রোশ দৌড়ে নিরাপদ জায়গায় পৌঁছিয়ে শ্বাস নিচ্ছিলাম , মা তখন নকুল সহদেবের পরিচর্যায় ব্যস্ত। তাঁরা ছোটো। অসহায়। আমারও খিদে পাচ্ছিল খুব। ধরা না পড়ার জন্য প্রাণপনে ছুটে ছিলাম রাতের অন্ধকারে। ভোর বেলা নিরাপদ স্থানে পৌঁছে শ্বাস নিতে নিতে মনে হচ্ছিল একটু খাবার বা জল কেউ যদি এগিয়ে দিত। কিন্তু ভীম মানে তো দাবি নয়, দাবি পূরণের যন্ত্র মাত্র।

নিজেকে সরিয়ে রাখা আমার অভ্যেস হয়ে গেছে। পরিবারের কোনো সিদ্ধান্তে প্রশ্ন করিনা। আমাকে প্রশ্ন করার সুযোগ দেওয়াও হয়না। সব সিদ্ধান্তের শেষে ভীম যেন এক দাঁড়ি চিহ্ন। কতদিন এমন হয়েছে ধনঞ্জয় আর যুধিষ্ঠির খুব চিন্তিত । এগিয়ে গেছি সমস্যা জানার জন্য। আমাকে দেখে দুই ভাই ভুরুর ভাঁজ খুলে হাসি মুখে খবর নিতে লাগলেন আমার খিদে পেয়েছে কিনা ?

বিশাল বৃহৎ শরীরে খিদে একটু বেশী। কিন্তু আমার কি কেবল একটাই ইন্দ্রিয়? জিহবা? আমার কি মন নেই?

মাতা কুন্তীর সঙ্গে অরণ্য বাসের কঠিন সময়ে মাকে কাঁধে নিয়ে হাঁটতে হাঁটতে মনে কত কথা ভীড করে আসতো। বলতে পারিনি। বলতে পারিনি প্রতিদিন কাঠ কেটে

বিশাল বোঝা ঘাড়ে নিয়ে তৃষ্ণার্ত ক্ষুধার্ত আমি ঘরে ফিরে দেখি, দু ভাগে ভাগ করা খাবার নিয়ে অপেক্ষা করছে সকলে। এক ভাগ পুরোটা আমার, অন্য ভাগ মাতা কুন্তী আর বাকি চারজনের। গোল হয়ে মাকে ঘিরে ওদের খাওয়া হাসি__দেখে একলা আমার,পরিশ্রান্ত চোখের জল মিশে যেত ভাতের সঙ্গে!

মনের আবেগ চেপে রাখা অভ্যেস করে নিতে নিতে পাথর হয়ে গেছি। কারণ সহ্যের আর এক নাম ভীম।

বলতে পারিনি কেন হিড়িম্বাকে আমাকেই বিবাহ করতে হবে? আমি আর্য পুত্র এই সত্য কি আমার জন্মদাত্রী ভুলে গেলেন? হিড়িম্বা যেমনই হোক, তাঁর অন্য কোনো পুত্র কী অনার্য নারী বিবাহ করতে রাজি হতো? আর্যদের অহং বোধ অতন্ত্য তীব্র সেকথা কি মাতা জানতেন না? হিড়িম্বার পুত্র জন্মানো পর্যন্ত তাকে সুখী করো --এই আদেশ দিয়ে চার ভাইকে নিয়ে মা চলে গেলেন। দূর থেকে তাদের হাসি গল্পের সুর কানে আসতো , আমি হিড়িম্বা র সন্তান জন্মের অপেক্ষা করতাম। মাতৃ আদেশে সহ্য করতাম ভালোবাসা হীন দাম্পত্য।

শুধু সহ্য হয়নি কৌরব রাজসভায় দ্রৌপদীর উপর নরকীয় অত্যাচার। সহ্য হয়নি আমার দ্রৌপদীকে নগ্ন করার সাহস! সহ্য হয়নি আমার প্রাণের পুতুলির অপমান। ওই কাপুরুষ কৌরব ,যাদের আমি এক আঙুলে টিপে মারতে পারি, তাদের এত সাহস যে আমার কৃষ্ণকে ছুঁতে চায়?? তাই সেখানে আমি কারো অনুমতির পরোয়া না করেই চিৎকার করে উঠেছিলাম। ক্রোধ, হতাশা দুঃখ মেশানো সেই জান্তব চিৎকারে দ্রৌপদী ঘুরে তাকিয়েছিল।

অহ! জলভরা আগুন চোখ, খোলা কালো চুল, অর্ধ নগ্না ফুঁসে ওঠা বাঘের মতো দ্রৌপদী আমার দিকে তাকিয়ে হাউ হাউ করে কেঁদে উঠেছিল। ভরসার কান্না। অথচ জানি, একমাত্র অর্জুনকেই ভালোবাসে দ্রৌপদী। অভিযোগ নেই । ভরসার বন্ধু হয়ে থাকাটাই বা কম কি?

পাঞ্চালীর যা কিছু আবদার তার জন্য সে আমার মুখের দিকে তাকাত। সে আমাকে কি ভাবত জানি না। নির্বোধ বোধকরি। ব্যবহার করা যায় যখন তখন এমন এক পুরুষ ? যাই ভাবুক আমি পরোয়া করিনি। ভীরু প্রেমিক হবার চেয়ে সাহসী দাস হওয়া ভালো। কোনো প্রশ্ন না করে দ্রৌপদীর চাওয়া পূর্ণ করতাম আমি। এই ভীমসেন। সে দুর্গম স্থান থেকে নীল পদ্ম নিয়ে আসা কিংবা কীচক বধ অশ্বত্থামার মাথা থেকে মণি খুলে আনা, দুঃশাসনের বুক চিরে রক্ত পান --বিনা প্রশ্নে সমস্ত কাজ করে দ্রৌপদীর পায়ের কাছে বসতে ভারী ভালো লাগতো। কতদিন ভেবেছি একটু জিজ্ঞেস করি সে আমাকে নিয়ে কিছু ভাবে কিনা? পারিনি। দেখতে পেতাম আমার কাছে থেকেও সে চিন্তা করছে অর্জুনের কথা। ওতো সুন্দর অন্যমনস্ক চোখ দুটোর দিকে তাকিয়ে সব গুলিয়ে যেত। প্রশ্ন করতাম না।

প্রশ্ন করতে না পারা কোনো কোনো চরিত্রের দুর্বল দিক বোধহয়। তবে কেন বলতে পারিনি চিৎকার করে ঘটোৎকচের কথা? অভিমুন্যর মতো সেও তো অন্যায়ের শিকার? তাঁকে ও হত্যা করা হয়েছিল কৌশল করে অর্জুনের জন্য রাখা মৃত্যু বাণ দিয়ে! আমার সন্তানের প্রাণের বিনিময়ে ই তোবেঁচে গেলো অর্জুন।

অর্জুন বড়ো মূল্যবান পান্ডবদের কাছে। তাঁর বেঁচে থাকার জন্য দু চারটে প্রাণ শহীদ হতেই পারে, এমনটাই বলেছিলেন শ্রীকৃষ্ণ।

*Continued on page 38*

# ছোটদের রঙীন পাতা



Aarsh




Srijan




Arman De



Sid Poddar



Mia



# ছোটদের রঙীন পাতা


Siddhartha Poddar


Debadtita Maity


RISHI MITAL


Siyona De
Siyona De.


Gia Dey

# ছোটদের রঙীন পাতা




Siddhartha Poddar
"Unfinished Saraswati"


Raunak Maity
Raunak Maity




Srijan
By Srijan

(দুঃখ এটাই যে ঘটোৎকচের মৃত্যু একটা সামান্য দুর্ঘটনার বেশী মর্যাদা পেলনা )
জীবনের শেষ সময় এসে প্রশ্ন আর ভালো লাগেনা। জ্যেষ্ঠ ভ্রাতা ধর্ম পুত্র। বার বার আমাকে সাবধান করেন কোনো ভুল যেন না করি? কিসের ভুল? যুদ্ধ শেষ হবার পরেও ধৃতরাষ্ট্রকে মাথায় করে রেখেছেন! তাঁকে কিছু বললেই ভ্রাতা চোখ পাকাবেন। এই অন্ধ ধৃতরাষ্ট্রের জন্যই এতগুলো প্রাণ চলে গেলো! দ্রৌপদী চরম লাঞ্ছিত হলো, আর তাঁকে দেখে কিনা রোজ প্রনাম করতে হবে ? পারবো না। আমি অকপট ভীমসেন। আমি যা আমি তাই। ভেতরে বাইরে কোনো ছলনা আমার নেই। দুর্যোধনকে হত্যার পরে তাঁর মাথায় পা ঘষে দিয়েছিলাম, জ্যেষ্ঠ ভ্রাতা চোখ পাকালেন। এই দুর্যোধন আমাকে গোরু বলে ডাকত। বারো বছর বয়সে খাবারের সঙ্গে বিষ মিশিয়ে ঠেলে ফেলেছিল জলে। আমার বিশাল বপু নিয়ে যা ইচ্ছে তাই বলতো। আজ তাঁর মাথায় পা ঘষে দেবার অধিকার আমার নেই?

পঁয়ত্রিশ বছর কেটে গেছে কুরুক্ষেত্র যুদ্ধের পরে। যুধিষ্ঠির রাজা হয়েছেন। যুদ্ধ জয়ের প্রায় সব টুকু কৃতিত্ব অর্জুনকেই দেওয়া হয়েছে। দুর্যোধনের মহল আমাকে উপহার দিয়ে খাদ্য সুরা নারীতে মহল ভরিয়ে দেওয়া হয়েছে। আমার প্রাপ্য এই টুকুই?

থাক। আজ মহাপ্রস্থানে যাবার সময় মূল্যবান বস্ত্র, অলংকারের সঙ্গে ফেলে রেখে যাই, না বলা আমার অভিমান!

মহাপ্রস্থানের পথ বড়ো দুর্গম। অনেক কষ্ট। আমি সবসময় পাঞ্চালীর সঙ্গে। পারে কখনো হাঁটতে আমার কোমল সুন্দরী? আদরে যত্নে কোলে কাঁধে তুলে প্রাণ পনে সেবা করে চলেছি কৃষ্ণার। অর্জুনের কৃষ্ণার। অর্জুন প্রিয়া পাঞ্চালীকে যতটুকু পারি আরাম দিয়ে যাচ্ছি। আগামী কাল আবার যাত্রা কোন না দেখা স্বর্গের উদ্দেশ্যে।

আজকের রাত ঘুমিয়ে থাকুক নিশ্চিন্তে। স্বর্গ মর্ত্য সবকিছু আমার পরিবার। আমি ঘিরে আছি এদের। মৃত্যু পর্যন্ত পাণ্ডব সেবা করে যাবো। জ্যেষ্ঠ পাণ্ডব নই যে রাজা হবো, কনিষ্ঠ নই যে মায়ের আদর পাবো। আমি মধ্যম পাণ্ডব ভীম সেন। মহৎ হতে চাইনা। উদার হতে চাইনা। ধার্মিক হতে চাইনা। আমি যা আমি তাতেই পূর্ণ তৃপ্ত।



# আমাদের চীন ভ্রমণ



*সাঈদা লতা,*
*ডেভিস, ক্যালিফর্নিয়া*

বয়স বাড়ার সাথে সাথে একটা জিনিস লক্ষ্য করছি মনটা বেশিদিন ঘরে থাকতে চায় না, কিছুদিন কাজ আর ঘর নিয়ে ব্যস্ত থাকার পর মনে হয় কোথাও ঘুরে আসি, দেখে আসি কোনো অজানা-অচেনা জায়গা এবং আমি জানি সেটা করলে উৎফুল্ল মন নিয়ে আবার নতুন উদ্যমে কাজ শুরু করতে পারবো। ছেলে দুটো বড় হওয়াতে বাইরে ঘুরতে যাওয়ার বদভ্যেশটা যেন আরো বেশি পেয়ে বসেছে। বাংলাদেশী বা ভারতীয়রা ভ্রমণ করার জন্যে বেশিরভাগ সময় ইউরোপের দেশগুলো বেছে নেন - এটা আমার পর্যবেক্ষন, কারণটা কি জানিনা? আর তাইতো এবার চীন যাওয়ার প্ল্যান করছি শুনে আত্নীয় এবং বন্ধুদের অনেকেই অবাক হয়েছিলেন, বলছিলেন চীনে আবার দেখার কি হলো !

ভ্রমনের প্রথম দিন সান ফ্রান্সিস্কো থেকে এয়ার চায়না এয়ারলাইনে ১২ ঘন্টার বিরতিহীন যাত্রার দ্বিতীয় দিনের বিকেলবেলায় অবশেষে বেইজিংয়ে পৌঁছুলাম। দশ দিনের এই চীন সফরে আমরা ঘুরে বেড়িয়েছি বেইজিং, সাংহাই, সুজৌ আর হ্যাংজু এর দর্শনীয় বিভিন্ন জায়গাগুলো, দেখেছি প্রাকৃতিক সৌন্দর্য্য আর ঐতিহাসিক নিদর্শন।

ভ্রমনের তৃতীয় দিনে গেলাম চীনের সেই মহা প্রাচীর (Great wall of China) পরিদর্শনে, পৃথিবীর সপ্তাশ্চর্যের একটি হল এই মহা প্রাচীর, ২৩০০ বছরের পুরনো এই মহা প্রাচীর প্রায় ২১,১৯৬ কিমি দৈর্ঘ্য এবং ৫ থেকে ৮ মিটার উচু। মিং সাম্রাজ্যের সময় বিদেশী আগ্রাসকদের থেকে দেশ এবং নাগরিকদের রক্ষা করার জন্য নির্মিত মানুষের হাতে তৈরী এই প্রাচীরকে পৃথিবীর দীর্ঘতম কবরস্থানও বলা হয় কেননা এই মহা প্রাচীরের নির্মাণের সময় দশ লাখেরও বেশি শ্রমিকের মৃত্যু ঘটে। প্রাচীরের সিঁড়িগুলো অসম হওয়ায় উঠতে বেশ কষ্ট হচ্ছিলো, তবু এমন একজায়গায় এসে প্রাচীর আরোহনে পিছুপা হলাম না, সেলিম অবশ্য অনেক দূর পর্যন্ত ঘুরে এলো। ভাবছিলাম এই প্রাচীর তৈরী করা সম্পদ এবং লোকবলের অপচয় ছাড়া আর কিছুই না, আর এরকম একটা অদ্ভুত ভাবনা প্রেসিডেন্ট ট্রাম্পকেও মেক্সিকো বর্ডারে প্রাচীর গড়ার জন্যে তাড়িত করছে।

পূর্ব পরিকল্পনা অনুযায়ী আমরা চতুর্থ দিনে সকালেই গেলাম তিয়েনানমেন স্কয়ার এবং ফরবিডেন সিটি পরিদর্শন করার জন্যে, তিয়েনানমেন স্কয়ার বিশ্বের বৃহত্তম পাবলিক স্কোয়ার - তিয়েনানমেন স্কয়ার, ১৯৮৯ সালে যেখানে "গণতন্ত্রের আন্দোলন" শুরু হয়েছিল, প্রায় এক মিলিয়ন চীনা, যাদের বেশিরভাগই ছিলেন তরুণ ছাত্র, যারা বৃহত্তর গণতন্ত্রের প্রতিবাদে সেন্ট্রাল বেইজিং-এর তিয়েনানমেন স্কয়ারে জমায়েত করে চীনের কমিউনিস্ট পার্টির নেতাদের পদত্যাগের আহ্বান জানায়। সেই আন্দোলনের সময় সেখানে এক হাজারেরও বেশি প্রতিবাদকারী নিহত হয়েছে এবং দশ হাজারেরও বেশি প্রতিবাদকারী গ্রেপ্তার হয়েছিল। তিয়েনানমেন স্কয়ারে গিয়ে সেইসব ছেলে হারানো মায়েদের কথা ভেবে নিজের অজান্তেই বুকের ভিতর থেকে একটা দীর্ঘশ্বাস বেরিয়ে এলো।

তিয়েনানমেন স্কয়ার এর পিছনে রাস্তার ওপাড়ে অবস্হিত ১৪০০ শতাব্দীতে নির্মিত নিষিদ্ধ নগরী (ফরবিডেন সিটি) যা কিনা মিং ও কুইং রাজবংশের ২৪ জন সম্রাটের জন্য রাজপ্রাসাদ ছিল, সে সময়ে সম্রাটের বিশেষ অনুমতি ছাড়া সাধারণ জনগণের এই রাজপ্রাসাদে প্রবেশ নিষিদ্ধ ছিল বলেই এই নাম। এখন সেটা ইম্পেরিয়াল প্যালেস মিউজিয়াম নামে পরিচিত এবং ইউনেস্কো কর্তৃক তালিকাভুক্ত এই নিষিদ্ধ নগরীতে এখন বিশ্বব্যাপী সবচেয়ে জনপ্রিয় পর্যটক আকর্ষণের একটি। ফরবিডেন সিটি ঘুরে দেখার সাথে সাথে আমাদের গাইডের কাছ থেকে শুনলাম তখনকার রাজাদের বিলাসবহুল জীবনযাপন আর নৃশংস রোমহর্ষক ইতিহাস এর গল্প।

বিকেল বেলায় ঘুরতে গেলাম একটি বিশেষ খাবারের বাজার (ফুড কোর্ট) পরিদর্শনে, যেখানে দোকানিরা ভাজা সাপ, বিচ্ছু ও তেলাপোকা সুন্দরভাবে সাজিয়ে রেখেছে, সেখানে আমাদের মতো যেমন দর্শক ছিলেন তেমনি ছিলেন সেই সব খাবারের ভক্ত ক্রেতারা, সে এক অকল্পনীয় দৃশ্য। আমি বেশিক্ষন সেখানে টিকতে পারলাম না, ওগুলো দেখেই আমার গা কেমন যেনো গুলিয়ে আসছিলো, সেলিমের ছবি তোলা শেষ হওয়ামাত্র সেখান থেকে বিদেয় হলাম হোটেলের উদ্দেশ্যে।

আজ আমাদের ভ্রমণের পঞ্চম দিন, এদিনে আমরা এক্সপ্রেস ট্রেনে চেপে বেইজিং থেকে সাংহাই রওনা দিলাম, বেইজিং থেকে সাংহাই প্রায় ৮২০ মাইল এর দূরত্ব; আমাদের ২১ জনের গ্রুপ ছিলো, ট্রেনে উঠার আগে আমরা সবাই অনেক স্ন্যাক্সস জাতীয় খাবার কিনে নিয়েছি, কফি-স্ন্যাক্স আর আড্ডার মাঝ দিয়ে বাইরের প্রাকৃতিক সৌন্দর্য্য দেখতে দেখতে সাড়ে পাঁচ ঘন্টার যাত্রা চোখের নিমিষেই শেষ হলো। স্টেশনে আমাদের গাইড অপেক্ষা

2

করছিলো, রাতের সাংহাইয়ের সৌন্দর্য্য দেখতে দেখতে আর সাংহাইয়ের ইতিহাস শুনতে শুনতে হোটেলে পৌছুলাম, রুমে যেয়ে শাওয়ার নিয়েই সোজা বিছানায় কেননা সামনে আবার একটা লম্বা দিন - বিশ্রাম দরকার।

ভ্রমণের ষষ্ঠ দিনে অন্যান্য দিনের মতো সকাল আটটায় আমাদের গাইড হোটেল লবিতে অপেক্ষা করছিলো, সাংহাই মিউজিয়াম পরিদর্শন করে, সিটি সেন্টার ঘুরে আমরা গেলাম সাংহাই শহরের স্বীকৃত প্রতীক বান্ড-এ (The bund) যা কিনা "আন্তর্জাতিক নির্মানের একটি প্রদর্শনী" হিসাবে পরিচিত এবং হুয়াংপু নদীর পশ্চিম তীরে (পূক্সি নামে পরিচিত) অবস্থিত বান্ডে এসে মনে হলো সাংহাইয়ের সৌন্দর্যের পুরোটাই যেন এখান থেকে অনুধাবন করে নেয়া যায়। বান্ডে কিছুক্ষন ঘোরাঘুরি করে সেখানেই লাঞ্চ সেরে রওনা দিলাম্ হ্যাংজু -এর পথে। চীনের সবচেয়ে সুন্দর শহরগুলির মধ্যে অন্যতম শহর হ্যাংজু - চীন এর ঝ্যাঝাই প্রদেশের রাজধানী হ্যাংজু তার ঐতিহাসিক নিদর্শন আর প্রাকৃতিক সৌন্দর্যের জন্য বিখ্যাত। বিকেল বেলায় চায়ের শহর হ্যাংজু এসে আমরা বিখ্যাত ড্রাগন ওয়েল চা বাগান পরিদর্শন করলাম, পরন্ত বিকেলে পাহাড়ের চূড়া থেকে পাদদেশ পর্যন্ত বিস্তৃত চা বাগানএর নয়নাভিরাম দৃশ্য সত্যিই মন কেড়ে নেয়ার মতো।

সপ্তম দিনের সকালেই আমরা গেলাম আরেকটি ইউনেস্কো ওয়ার্ল্ড হেরিটেজ সাইট ওয়েস্ট লেকে, একদিকে হ্যাংজু শহর আর তিন দিকে পাহাড় দিয়ে বেষ্টিত ওয়েস্ট লেকটিতে একটি নৌযাত্রার মধ্যে দিয়ে আমাদের আরেকটি সুন্দর দিনের শুরু, আমাদের স্বাগত জানানোর জন্যে আবহাওয়া আমাদের অনুকূলেই ছিলো - এক ঘন্টার এই বিলাস ভ্রমনে গ্রুপের ৩-৪ জন সারাক্ষন নৌকার ডেকে বসে লেকের মৃদু বাতাসে লেকের অলৌকিক সৌন্দর্য্য উপভোগ করতে একটুও কার্পণ্য করলাম না।

দুপুরে রওনা দিলাম সুজৌ এর পথে, সাংহাইয়ের পশ্চিমে অবস্থিত সুজৌ চীনের শহরগুলির সবচেয়ে সমৃদ্ধশালী শহর, সুজৌ তার খাল, সেতু এবং শাস্ত্রীয় বাগানগুলির জন্য বিখ্যাত। পূর্ব প্ল্যান অনুযায়ী স্থানীয় বাজার পরিদর্শনের পর সন্ধ্যের আগেই সুজৌ - এর গ্রান্ড ক্যানেলে নৌকা ভ্রমন; মার্কো পোলো সুজৌকে "পূর্বের ভেনিস" বলে আখ্যায়িত করেছিলেন, ভেনিস দেখেছি তাই মার্কো পোলোর সাথে আমার কোনো দ্বিমত নেই।

আজ আমাদের যাত্রার অষ্টম দিন। সকালের ব্রেকফাস্ট সেরে রওনা হলাম সেই লিঙ্গারিন গার্ডেন পরিদর্শনের জন্যে, সুজৌয়ের শাস্ত্রীয় বাগানটি প্রাচীন চীনা প্রবাদ প্রতিফলিত করে

বলে: "স্বর্গে আছে জান্নাত; পৃথিবীতে রয়েছে সুজৌ"। প্রাচীন চীনা আধ্যাত্মিকতাকে এই প্রবাদটি প্রকৃতির নিয়ন্ত্রন ও পরিমার্জনে মাধ্যমে পৃথিবীতে স্বর্গের একটি সংস্করণ তৈরি করার চেষ্টা করেছে। বাগানটিতে ঘুরতে ঘুরতে মনে হচ্ছিলো সুজৌয়ের এর লিঙ্গারিন গার্ডেনটি যেন পৃথিবীতে সত্যিই স্বর্গ। দিনের দ্বিতীয়াংশে সিল্ক কারখানা পরিদর্শনের পর সেদিনই বিকেল বেলায় আমরা সবাই সাংহাই ফিরে আসি। গ্রুপের সবাই পরদিন আমেরিকাতে ফিরে আসার কথা, আমরা হোটেলে চেক ইন করে কাছাকাছি ঘোরাঘুরি করে বেশ রাত অব্দি হোটেলের লবিতে বসে আড্ডা দিলাম। আমি আর সেলিম একদিন এক্সটেন্ড করেছি, নিজেরা ঘুরবো বলে। কাজেই পরদিনের প্ল্যানটাও করে ফেললাম।

আমাদের ভ্রমণের নবম দিন, সকালে কোনো তাড়া নেই, গ্রুপের সবাই চলে যাচ্ছে আজ। অন্যান্য দিনের চেয়ে একটু দেরিতে উঠে ব্রেকফাস্ট করে বেরুলাম আবার সেই বান্ডের উদ্দ্যেশে । রাতের সাংহাই দেখতে চাই, শুনেছি রাতে তার অন্য রূপ। দুজনেই বেরোলাম, প্রথমেই বান্ডে গেলাম রাতের নৌবিহারের টিকেট কাটতে, আজ রবিবার তাই বান্ডে সেদিনের চেয়ে অনেক বেশি ভীড়। ছেলে দুটো রেখে এসেছি, ওদের জন্য আর প্রিয়জনদের জন্য কিছু কেনাকাটা করতে হবে। বান্ডের কাছেই নামি দামি দোকান দিয়ে সাজানো বিরাট শপিং কমপ্লেক্স, কেউ শপিং করছে, কেউ ছবি তুলছে কেউবা পরিবার-প্রিয়জন নিয়ে আশ্চার্য্য হয়ে দেখছে। ভীড়ের মধ্যে হারিয়ে যেতে ভালো লাগলো, আবারো আমার দেশের কথা মনে হলো; ভীড় দেখলেই দেশের গন্ধ পাই- ভালো লাগে, পুরোনো দিনে ফিরে যেতে পারি, বয়স হলে সবাই মনে হয় পুরোনো দিনে ফিরে যেতে চায়। সেলিম জিজ্ঞেস করলো নির্দিষ্ট কিছু খুঁজছি কিনা, বললাম তেমন কিছু না কিন্তু এমন জায়গায় হাঁটতে ভালো লাগছে, আমার ফোন কাজ করছে না, সেলিমের চিন্তা ভীড়ের মধ্যে না হাঁরিয়ে যাই, বললাম চিন্তা না করে হাঁটতে আর যদি হাঁরিয়ে যাই তবে ব্যান্ডের একটা নির্দিষ্ট জায়গায় যেয়ে একজন আরেকজনের জন্যে অপেক্ষা করবো। শপিং শেষ করে বেশ কিছুক্ষন পর বুঝতে পারলাম পা দুটো একটু বিশ্রাম চাচ্ছে, ওদেরই বা দোষ কি? গত ৮ দিন হলো প্রচুর সার্ভিস দিচ্ছে - আবার বান্ডে ফিরে এলাম, এখানে এখন বসন্ত কাল, রাস্তা আর বান্ডের মাঝখানের লনগুলো ফুলে ফুলে সাজানো। অনেকেই পরিশ্রান্ত হয়ে গাছের নিচে সবুজ ঘাসের লনে শুয়ে-বসে বিশ্রাম নিচ্ছে, আমারও ইচ্ছে হলো, ঘাসের উপর চোখ বন্ধ করে শুয়ে পড়লাম। সেলিম আমার কান্ড দেখে কিছুটা

অবাক, তারপর নিজেও আমার পাশে শুয়ে পড়লো। চোখে সানগ্লাস থাকায় চোখ বন্ধ করতে কোনো দ্বিধা করলাম না, আধা ঘন্টা এভাবে বিশ্রাম নেয়ায় কাজ হলো, উঠে দেখি সেলিম ফোন নিয়ে টেপা-টেপি করছে অর্থাৎ ইমেইল/মেসেজ - এই হলো এই যুগের পারিবারিক ছুটি কাটানোর সময় অনাকাংখিত অতিথি, হুট করে ঢুকে পরে মনোযোগ কাড়ার চেষ্টা। সেলিমকে বললাম হুয়াংপু নদীর ওপাশটা দেখতে চাই, নদীর ভিতরে টানেল দিয়ে ওপারে যাওয়ার রাইড নিলাম, সাংহাই-এর আইকন "ওরিয়েন্টাল পার্ল টাওয়ার", জিন মাও টাওয়ার, সাংহাই ওয়ার্ল্ড ফিনান্সিয়াল সেন্টার, সাংহাই এক্সপো ও সেঞ্চুরি পার্ক, ঝাংজিং হাই-টেক পার্ক এর বড় বড় ভবনগুলো নিয়ে হুয়াংপু নদীর পাশটা ছোট ছোট বাগান দিয়ে সজ্জিত "হুয়াংপু রিভার ইস্ট ব্যাঙ্ক" (পুডং নাম পরিচিত)এর সৌন্দর্য্য অন্যরকম - লনে বসে নদীর সৌন্ধর্য্য উপভোগ করলাম, সেলিম এর ক্যামেরা ক্লিক ক্লিক শব্দ করে চলছে, সব সৌন্দর্য্য যেন সেলিম ক্যামেরায় ভরে নিয়ে যেতে চাচ্ছে। সন্ধ্যে হয়ে এসেছে, ফিরে এলাম বান্ডে আমাদের নৌবিহার সন্ধ্যে সাতটায় নোঙ্গর তুলবে। বান্ডে ফেরার পথে বারবার মনে হচ্ছিলো মাত্র গত চার দশকে চীনারা এতো উন্নতি করেছে যা এদেশে না এলে হয়তো আর জানা হতো না, আমাদের দেশের কথা ভেবে আবারো মন খারাপ হলো - রাজনৈতিক কোন্দল, হরতাল আর ধর্মীয় অন্ধবিশ্বাসীদের সন্ত্রাসের কারণে দেশটা এখনো আশানুরুপ এগুতে পারছে না। শেষপর্যন্ত বহুল অপেক্ষিত রাতের সেই নৌবিহার, ক্ষনিকের মধ্যেই সন্ধ্যের মৃদু বাতাসে সারাদিনের ক্লান্তি দুর হয়ে গেলো, ডেকে দাঁড়িয়ে অবাক হয়ে আলোকসজ্জিত সাংহাইয়ের রুপ দেখছি, এ যেন আলোঝলমলো আরেক লাস ভেগাস, রাতের বেলায় নদীর উভয় পাশে সমস্ত ভবনগুলির রং বেরংয়ের আলোকসজ্জা অবিশ্বাস্যরকমের সুন্দর; আমি প্রাণভরে তীরের সৌন্দর্য্য আর পানির মধ্যে আলোর প্রতিফলন দেখছিলাম, যা কিনা অন্য নৌকার ঢেউয়ের দোলায় চতুর্দিকে ছড়িয়ে ছিটিয়ে যাচ্ছে - দেখে মনে হচ্ছিল যেন ময়ূর তার পেখম মেলে নাচছে , মাঝে মধ্যে সেলিমের ক্যামেরার ক্লিক ক্লিক যেন আমার সৌন্দর্য্য অবলোকনের ধ্যানে বিঘ্ন ঘটাচ্ছিল। দেখতে দেখতেই দেড় ঘন্টা চলে গেলো - তীরে নেমেই হোটেলের উদ্দেশ্যে রওনা দিলাম, পরদিন সকালে ফ্লাইট।

আজ আমাদের ভ্রমণের দশম দিন, বাড়ি ফেরার পালা - দেশটি ঘুরে চীন সম্পর্কে আমার এতদিনের ধারণা অনেকখানি পাল্টে গিয়েছে, যা আশা করেছিলাম তার চেয়ে অনেক বেশি সাথে করে নিয়ে যাচ্ছি। গত চার দশকে চীন সরকার জনসংখ্যা নিয়ন্ত্রণে সক্ষম হয়েছে, এখন তাদের লক্ষ্য হচ্ছে দেশের সার্বিক উন্নয়ন - মুগ্দ্ধ হয়েছি চীনের

Infrastructure দেখে, পাবলিক ট্রান্সপোর্টের উন্নতি দেখে, অনেক জায়গায় ট্র্যাফিক জ্যাম দেখেছি কিন্তু গাড়িগুলো ঠাঁয় দাঁড়িয়ে থাকতে দেখিনি। তাদের ইতিহাস সংরক্ষন আর সেগুলো দর্শনীয় স্থান হিসেবে জনপ্রিয় করে দেশের অর্থনীতিকে সমৃদ্ধ করার ব্যবস্থা অনেক উন্নয়নশীল দেশের জন্যে শিক্ষণীয় বৈকি। দশ দিনে অনেক কিছু দেখলাম, শিখলাম, জানলাম, গ্রুপের সাথে ঘুরে নতুন কিছু বন্ধুও পেলাম, যেয়েই কাজে জয়েন করতে হবে ভাবতেই মন খারাপ হলো কিন্তু পরক্ষনেই ছেলেদের মুখ দেখবো বলে মন খুশীতে ভরপুর।

আমি জানি কিছুদিন পরেই আবার বেরিয়ে পরার জন্যে মনটা অস্থির পাখীর মতো ছটফট শুরু করবে আর ততদিন পর্যন্ত আমি না হয় আমার চীন দেশ ঘোরার অভিজ্ঞতার সুন্দর স্মৃতিগুলো রোমন্থন করতে থাকবো।



# শাহজাদা শ্যামল গঙ্গোপাধ্যায়

অশোক বসু

নির্বিকল্প সমাধিতে শুয়ে আছেন বালক ব্রহ্মচারী। বাবা। নিম্নবিত্ত বাঙালির মধ্যে তাঁর ব্যাপক প্রভাব। রাম নারায়ণ রাম নাম দিয়ে বালক ব্রহ্মচারীর ছবি দিয়ে তেল, আটা, ভোজ্যপণ্য উৎপাদন করে ফুলেফেঁপে উঠেছেন অনেকেই। ধূপ-ধুনো, তেল-সাবান, মায় দাঁতের মাজন, কোমরে ব্যথার মলম তাঁর নামে ব্যাপক বিক্রি। একেবারে এখনকার বাবা রামদেবের পতঞ্জলির মতো। তবে পতঞ্জলির মতো এমন কর্পোরেট ধাঁচে নয়। পুরনো বাঙালি ব্যবসাদারদের ধাঁচে। ক্রেতা বালক ব্রহ্মচারীর নিম্নবিত্ত ভক্তকুল। সেই সময় যে সব এলাকায় এমন মানুষজনের বাস, সেখানে ঘরে ঘরে শোনা যেত রাম নারায়ণ রাম গান। বালক ব্রহ্মচারী মারা গেছেন, এটা তাঁর ভক্তজনেরা বিশ্বাস করেন না। করেন না মানে বালক ব্রহ্মচারীর ঘনিষ্ঠ সহচর যাঁরা ছিলেন, তাঁরাই এটা প্রচার করে দিয়েছেন। বাবার মৃত্যু নেই, বাবা কখনও মরতে পারেন না। একদিন বাবা সমাধিভঙ্গ হবেন। বাবা জেগে উঠবেন। সোদপুরের সুখচরে বালক ব্রহ্মচারীর আশ্রমের একটি ঘরে তাঁকে চাঁই চাঁই বরফের উপর শুইয়ে রাখা হয়েছে। তখনও ঘরে ঘরে এসির এত চল হয়নি। সম্ভবত ওই ঘরে কোনও এসি ছিল না। বেশ কয়েকদিন হয়ে গেলেও বরফের চাঁই পরিবেষ্টিত হয়ে শুয়ে থাকার ফলে বালক ব্রহ্মচারীর শরীরে তরতাজা ভাব খুব একটা কমেনি। তাতেই ভক্তকুলের বিশ্বাস, বাবা আবার জেগে উঠবেন। সারাদিন ধরে কাতারে কাতারে বাংলার বিভিন্ন প্রান্ত থেকে ভক্তরা আসছেন। বাবার ঘরে গিয়ে রাম নারায়ণ রাম গাইছেন। খবরের কাগজে, চ্যানেলে তখন এটা লিড খবর। পাশাপাশি বিভিন্ন দিক নিয়ে লেখা। হইহই পড়ে গিয়েছে। ডাকাবুকো মন্ত্রী সুভাষ চক্রবর্তীর উপরে তাঁর দল সিপিএম এবং সরকারের প্রচণ্ড ভরসা। তাঁকেই দায়িত্ব দেওয়া হয়েছিল, বালক ব্রহ্মচারীর দেহ সৎকারের। অন্য অনেক কঠিন কাজ তুড়ি মেরে করে ফেলতে পারলেও এ কাজটি সহজে করতে পারেননি।

আমি তখন বর্তমান খবরের কাগজে কাজ করি। আমাদের রিপোর্টাররা সারাদিন পালা করে ওইখানে ডিউটিতে থাকত। আমরা সিনিয়র জার্নালিস্টরাও কাণ্ডকারখানা দেখতে সুখচরে চলে যেতাম। ভক্তদের ভিড়ে মিশে গিয়ে চারদিকে কী চলছে না চলছে, সেই সব দেখতাম। তবে ওখানে গিয়ে অতিরিক্ত কৌতূহল প্রকাশ করা যেত না। তাহলে বাবাকে বরফের চাঙরের উপর শুইয়ে যাঁরা 'বাঁচিয়ে' রেখেছেন, তাঁরা খড়্গহস্ত। এখানে বাবার মৃত্যু নিয়ে ভক্তদের কৌতূহল প্রকাশ করার কোনও অধিকার নেই। একদিন ওখানে গিয়ে দেখলাম, আমার পরিচিত এক স্বনামখ্যাত লেখক ভক্তদের খোল-কত্তালের সঙ্গে তাল মিলিয়ে রাম নারায়ণ রাম গান করতে করতে, হাতে তাল দিতে দিতে আসছেন। তিনি দাপুটে সাংবাদিকও। সেই সময় গৌরকিশোর ঘোষ, নীরেন্দ্রনাথ চক্রবর্তী, নিখিল সরকার (শ্রীপান্থ), প্রফুল্ল রায়, সুনীল গঙ্গোপাধ্যায়, সৈয়দ মুস্তাফা সিরাজ, বরেণ গঙ্গোপাধ্যায়, অতীন বন্দ্যোপাধ্যায়, সঞ্জীব চট্টোপাধ্যায়, শীর্ষেন্দু মুখোপাধ্যায়, সমরেশ মজুমদারের মতো নামী সাহিত্যিকরা নিয়মিত সাংবাদিকতা করতেন। সন্তোষকুমার ঘোষ তো ছিলেন আধুনিক বাংলা সাংবাদিকতার জনকই। একমাত্র সমরেশ বসু বিভিন্ন সময়ে সাংবাদিকতা জাতীয় লেখা অনেক সময় লিখেছেন বটে। কিন্তু নিয়মিত সাংবাদিক হিসেবে কোনও বড় প্রতিষ্ঠানে কাজ করেছেন বলে আমার মনে পড়ছে না। ভক্তকুলে যিনি হাঁটছেন, পরনে তাঁর একটু আধময়লা ধুতি। দলামচড়া করে স্যুটকেসে ঢুকিয়ে রাখা কোঁচকানো মোচকানো সিল্কের পাঞ্জাবি। পায়ে হাওয়াই চটি। চেহারা একটু নাদুসনুদুস হলেও সাজপোশাকে বালক ব্রহ্মচারীর ভক্তকুলের সঙ্গে খাপ খাইয়ে নিয়েছেন। তাঁকে ওই দলে দেখে উৎসুক হয়ে কিছু প্রশ্ন করতে যেতেই চোখ টিপে আমাকে চেপে যেতে বললেন। আমিও ইঙ্গিত বুঝে চেপে গেলাম। ওই দলটার পেছন পেছন গিয়ে যেখানে বালক ব্রহ্মচারীকে শোওয়ানো আছে, সেখানে ঢুকলাম। দেখলাম, অন্য ভক্তদের মতো তিনিও বাবার জন্য আকুল। তাঁর চোখমুখের ভাবখানা এমন যেন তিনিও বিশ্বাস করেন, বরফের চাঙরের উপর শুয়ে থাকা

বালক ব্রহ্মচারী যে কোনও মুহূর্তে উঠে বসবেন। আবার ডান হাত তুলে ভক্তদের বরাভয় দান করবেন।

পরের দিন সেই লেখক একটি অসাধারণ লেখা লিখেছিলেন আজকাল পত্রিকায়।। তাঁর নাম শ্যামল গঙ্গোপাধ্যায়। লেখক হিসেবে তিনি যখন খ্যাতিমান, তখন পাশাপাশি সাংবাদিক হিসেবে কাজ করেছেন আনন্দবাজার পত্রিকায়। পরে যুগান্তরে এসেছেন। তারও পর, যুগান্তর বন্ধ হয়ে যেতে নিয়মিত সাংবাদিকতা জাতীয় লেখা লিখেছেন আজকাল খবরের কাগজে।

আমার বাবা একসময়ের প্রখ্যাত চলচ্চিত্র সাংবাদিক রবি বসু। বিভিন্ন পত্রিকা সম্পাদনার সুবাদে তাঁর সঙ্গে তারাশংকর বন্দ্যোপাধ্যায় থেকে একালের কিন্নর রায় পর্যন্ত তাঁর খুব দহরম মহরম ছিল। সেই সুবাদে এই সব লেখকের সঙ্গে আমি খুব ঘনিষ্ঠভাবে মেশার সুযোগ পেয়েছি। যদিও এরা সবাই আমার পিতৃবন্ধু, তবু একই পেশায় থাকার কারণে আমি এদের সবাইকেই প্রায় দাদা বলে ডাকি বা ডাকতাম। একমাত্র প্রফুল্ল রায় আর শ্যামল গঙ্গোপাধ্যায়ের সঙ্গে পারিবারিক সম্পর্ক এমন, আমি ওদের কাকু সম্বোধন করতাম। বা করি।

অন্যদের কথা আপাতত থাক। শ্যামলকাকুকে নিয়েই বলি। আমি তখন সাপ্তাহিক বর্তমান পত্রিকার সম্পাদনার দায়িত্বে। আমাদের ঠিক হল, একটা ধারাবাহিক ঐতিহাসিক উপন্যাস আমরা প্রকাশ করব। সিদ্ধান্ত হল, শ্যামল গঙ্গোপাধ্যায়কে দিয়ে লেখানো হবে। আমি গিয়ে শ্যামলকাকুর কাছে প্রস্তাবটা দিলাম। উনি আমাকে পুত্রবৎ স্নেহ করতেন। আমি কিছু অনুরোধ করলে ফেরানো কঠিন ছিল। এর আগে, ১৯৮২-৮৩ সালে হবে। আমি তখন সেইসময়ের জনপ্রিয় সাহিত্য পত্রিকা কলেজস্ট্রিটে সম্পাদনার কাজ করি। সেবার পুজোয় শ্যামলকাকুর একটা উপন্যাস লেখার কথা ছিল। হঠাৎ কোনও একটা অ্যাক্সিডেন্টে ওঁর বড়মেয়ে মলির ছেলে, অর্থাৎ ওঁর নাতির মরণ-বাঁচন অবস্থা। শ্যামলকাকুকে বলার মতো অবস্থা নেই। অথচ আমিও নিরুপায়। পুজো সংখ্যা ছাপতে দেওয়ার সময় এসে

গিয়েছে। ওই অবস্থার মধ্যেই আমি উপন্যাসটা লিখে দেওয়ার কথা বলতে বাধ্য হলাম। তাও বললেন, একটু দ্যাখ না। আমার লেখাটা না দিয়ে ম্যানেজ করতে পারিস কি না। বললাম, উপায় নেই। বিজ্ঞাপনে নাম বেরিয়ে গিয়েছে। বললেন, ঠিক আছে। তুই আমাকে দিন পাঁচেক সময় দে। ঠিক পাঁচদিনের মধ্যেই শ্যামলকাকু উপন্যাসটা লিখে দিলেন। ভগবান বুনো রায়ের বংশধর। পরে ওই উপন্যাসটাই মানুষের রহস্য নামে বই হয়ে বেরিয়েছে। শ্যামলকাকুর লেখা আমার খুব প্রিয়। অমন বলিষ্ঠ হাত আমাদের বাংলা সাহিত্যে খুব বেশি নেই। আমি শ্যামলকাকুকে বলেছিলাম, আপনি এই উপন্যাসটার জন্য কোনও পুরস্কার পাবেন কি না জানি না। তবে পাঠকদের বিচারে যদি কোনও পুরস্কার দেওয়া হয়, এই লেখার জন্য আপনি সেটা পাবেনই। যাই হোক, যেটা বলছিলাম। শ্যামলকাকুকে তো প্রস্তাবটা দিলাম। শ্যামলকাকু নারাজ। কিছুতেই লিখবেন না। অনেকক্ষণ ঘ্যানর ঘ্যানর করার পর শেষে বললেন, সত্যি কথা বলতে কি, আমি খুব সাহস পাচ্ছি না। এর আগে বাংলা সাহিত্যে যে সব ঐতিহাসিক উপন্যাস লেখা হয়েছে, তারপর আমার লিখতে খুব ভয় করছে। তারপর বললেন, আচ্ছা কাকে নিয়ে লেখা যায়? কোন সময়? বললাম, রাজা শশাঙ্ককে নিয়ে খুব বেশি কিছু লেখা হয়নি। ওঁকে নিয়ে, ওঁর সময় নিয়ে কি লিখতে পারেন? শ্যামলকাকু বললেন, ওরেব্বাবা! শশাঙ্ক সম্বন্ধে আমিও তো পড়িনি বিশেষ কিছু। আমি বললাম, ওই জন্যই তো বলছি, শশাঙ্ককে নিয়ে কি লেখা যায়? শ্যামলকাকু বললেন, আমার একটা প্রিয় চরিত্র আছে। দারাশুকো। যদিও ওঁকে নিয়ে অনেক লেখা হয়েছে, তবুও ওঁকে পড়ার আগ্রহও রয়েছে অনেক। আমি বললাম, ব্যক্তি বা বিষয় নিয়ে আমরা তো তেমন কিছু ভাবিনি। আপনি যদি স্বাচ্ছন্দ্য বোধ করেন, তাহলে দারাশুকোকে নিয়েই লিখতে পারেন। বললেন, কিন্তু আমার কাছে তো দারাশুকোকে নিয়ে কোনও বই নেই। আমি বললাম, ঠিক আছে। কাল আমি যদুনাথ সরকারের বইটা এনে দিয়ে যাব। পরের দিন বইটা কিনে দিয়েও এসেছিলাম। পরে অবশ্য শ্যামলকাকু অনেক টাকার দারাশুকোকে নিয়ে লেখা বই কিনেছেন। তারপর তো ইতিহাস! শ্যামলকাকু শাহজাদা দারাশুকো উপন্যাসটা ধারাবাহিকভাবে দু'বছর ধরে লিখে গিয়েছেন। তাতেও সম্পূর্ণ করতে পারেননি। পরে এইরকম আরও দু'টো পর্ব লেখার ইচ্ছে ছিল ওঁর। একটা পর্ব লিখেছিলেন। কোনও একটা পুজো সংখ্যায়। শেষ পর্বটা আর লিখে উঠতে

পারেননি বোধহয়। দু'খণ্ডে শাহজাদা দারাশুকো বইটি প্রকাশিত হয়েছিল। অর্থ এবং সম্মান, দুই-ই প্রচুর পেয়েছিলেন এই বইটার জন্য। শ্যামলকাকু আমায় বলেছিলেন, তোকে আমি একজোড়া সোনার নাগরা উপহার দেব। আমি বলেছিলাম কেন। বলেছিলেন, তোর তাগিদে আমি দারাশুকোর জন্ম দিয়েছিলাম। সেই দারাশুকোই শেষ জীবনে আমায় ছেলের মতো খাওয়াচ্ছে-পরাচ্ছে। অনেক সম্মান, পুরস্কার এনে দিচ্ছে। মজা করে কথাটা বলেছিলেন বটে। ওঁর দুই মেয়ে মলি এবং ললি, মল্লিকা আর ললিতা। দু'জনেই ওঁর ছেলের অভাব রাখেনি। দুই জামাই প্রয়াত কবি তুষার চৌধুরী এবং লেখক সমীর চট্টোপাধ্যায় দু'জনেই ওঁর খুব ঘনিষ্ঠ বন্ধু। শেষ জীবনটা তো ওঁর ললির কাছেই কেটেছে।

এমন একটা আধটা ঘটনা নয়, শ্যামলকাকুকে নিয়ে আমার ভাঁড়ারেই আছে অজস্র কাহিনি। সব ক্ষেত্রেই তিনি স্বরাট। শাহজাদা শ্যামল গঙ্গোপাধ্যায়।




শা র দী য় শু ভে চ্ছা

অচিন রাগিনী/ কাজী লাবণ্য

চোখের সামনে কব্জি তুলে দেখি, এখনও দশ মিনিট বাকি। অফিস থেকে ফিরে প্রতিদিন ফরটি মিনিটস উসাইন বোল্টের গতিতে হাঁটি, যদিও এটি আমার কাছে একদম পছন্দের নয়। কিন্তু ফিট থাকতে হলে এর কোন বিকল্প নেই। আর এই সন্ধ্যা ছাড়া টাইমই বা কই। আমাদের কলোনির ভেতরেই হাঁটার চমৎকার জায়গা। হাঁটা শেষ করে ক্লাবে গিয়ে কিছুক্ষণ আড্ডা দেয়া দেন ঘরে ফেরা। সেখানে এখন আড্ডার একমাত্র টগবগে টপিকস "শাহবাগ আন্দোলন"। প্রধানত কাদের মোল্লার ফাঁসির দাবিতে ৫ ফেব্রুয়ারীতে শুরু হয় এই আন্দোলন। সমাবেশে বিক্ষোভ ও আন্দোলনের উপায় হিসেবে সাধারণ মানুষ বেছে নিয়েছে – শ্লোগান, কবিতা, গান, ফুলের পাপড়ি দিয়ে মানচিত্র অংকন ইত্যাদি। সেখানে পোড়ানো হচ্ছে যুদ্ধাপরাধীদের কুশপুত্তলিকা। সতস্ফুর্তভাবে আগত এই সাধারণ মানুষের দাবী হচ্ছে- সকল যুদ্ধাপরাধীদের সর্বোচ্চ শাস্তি বিধান, জামায়াত ইসলামের রাজনীতি নিষিদ্ধ করা, জামায়াত- শিবির সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান বয়কট করা। শাহবাগ থেকে টিএস সির মোড় পর্যন্ত দুপাশের দেয়ালে চারুকলার শিক্ষার্থীরা ছবি এঁকে জনতার সাথে সংহতি প্রকাশ করে এবং যুদ্ধাপরাধীদের ফাঁসির দাবী করে। শুরু থেকেই আমি প্রতিদিন অফিস শেষে গাড়ি ছেড়ে দিয়ে হেঁটে শাহবাগ যাই। এক এক দিন এক এক দিকে বসি আবার উঠে আরেক দিকে বসি। সবার সাথে ছোট পতাকা হাতে নিয়ে সমস্বরে শ্লোগান দেই। মনে মনে ভাবি আহারে আমার বয়সটাও যদি ওদের মত হত! ছেলেমেয়ে, বুড়োবুড়ি, আপামর জনতা এখানে ছুটে আসে। কাউকে ডাকতে হয়না। ছেলেমেয়েদের মুখের দিকে তাকিয়ে দেখি মুখ শুকনো, অনেকের কাছেই জিজ্ঞেশ করে জেনেছি সারাদিন প্রায় না খাওয়া, কখনও হয়ত বিস্কিট বা কলা খাওয়া হয়েছে। এসব খাওয়া না খাওয়াকে ওরা তোয়াক্কা করে না। আমি প্রায় দিন অনেক গুলো বিস্কিটের প্যাকেট, কলা আর পানির বোতল নিয়ে যাই ওদের হাতে হাতে দেই। এসব কথা কাউকে বলিনা, দরকার কি। বরং ক্লাবে গিয়ে চুপচাপ লোকজনের বিভিন্ন মতামত শুনতে আমার বেশ মজাই লাগে। নানা জন নানা কথা বলে। কেউ পক্ষে, কেউ বিপক্ষে, কেউবা বিদ্রূপাত্মক মন্তব্য করে। আবার কেউ কেউ চুপ করে থাকে। আমার সন্দেহ হয় তারাও হয়ত আমার মতই ওখানে লুকিয়ে যায়। মনে মনে সমর্থন করে কিন্তু আমরা কেউ কারো কাছে প্রকাশিত হইনা। সবাই এখন আতংকে থাকে বাতাস কোনদিকে বইবে কেউ জানেনা। এসব রাজনীতির খেলা সকলেই সাবধানী। আমার জানামতে এই কলোনির জি এম সাহেবের মিসেস ওখানে যায়, কিন্তু সেটাও মনে হয় কেউ জানেনা। জানলে সেটা নিয়েও সমালোচনা হত। আমি জানি কিন্তু কাউকেই বলিনা কেবল মনে মনে বলি- শাবাশ ভাবী শাবাশ! মহিলারা তো নিজেদের টানা লক্ষনরেখার বাইরে এখনও কেউ আসতে চায়না আসেওনা। এলে তাদের কে মানা করে! বলা হয় পুরুষ শাসিত সমাজে নারীর স্বাধীনতা নেই। কথাটি কি পুরোপুরি সত্যি! না। নারী চাইলে বহু কিছু করতে পারে। অপেক্ষায় আছি কখন ক্লাবে যাব। সেখানে যাওয়া একটা অভ্যাস হয়ে গেছে তাছাড়া সিনিয়র জুনিয়র সবাই যায় যেতেও হয়। এটি কেবলই আমাদের ডিপার্টমেন্ট এর ক্লাব। নানা ধরনের আলাপচারিতা যেমন হয় তেমনি নানা রকম খেলার ব্যবস্থাও আছে। বিশাল হলরুমে কয়েকটি টেবিল পাতা আছে সেখানে টেনিস খেলা হয়। পাশের রুমে বিলিয়ার্ড চলে, এছাড়া নিরীহ লুডু, ক্যারম অপেক্ষায় থাকে। আর আছে ক্লোজ ডোর এক রুম, সেখানে সব আঁতেলরা দুহাত তুলে মোনাজত করে আর ঢুকঢুক করে গ্লাস শেষ করে। শোনা যায় প্রায় সময় মাঝরাতে বা ভোরের দিকে এখানে 'পাকড়াও অভিযান' চলে। বাড়ির ত্রাণকর্ত্রী এসে ঘেটি ধরে ঢুলুঢুলু আঁতেলকে বাসায় নিয়ে যায়।

ফেব্রুয়ারীর সন্ধ্যা এই ঠান্ডা তো এই গরম। আকাশে কি চাঁদ আছে! এখন শুক্লপক্ষ নাকি কৃষ্ণপক্ষ জানিনা। তবে পুর্ণিমার সঠিক হিসেব রাখে রিয়া। হাঁটতে হাঁটতেই হঠাত চোখ গেল লন টেনিস এর তার ঘেড়া জায়গাটায় দুটো নেড়ি কুকুর সিমেন্টের উপরে একে অপরকে জড়িয়ে সোহাগে সম্ভোগে মাতাল। জগত ডোন্ট কেয়ার, দুজনে আদিম রিপুতে অন্ধ। ঝলকে মনে হল- ভালবাসা কি ভালগার!

সরিয়ে নিতে চেয়েও চোখ সরাতে পারলামনা। কেমন যেন গা ঘিন ঘিন করে উঠল। রাউন্ড ঘুড়ে এসে দেখি আরে! এখনও তারা তেমনই আছে। মনোযোগ সরিয়ে অন্য কিছু ভাবার চেষ্টা করলাম। শেষ রাউন্ড দিয়ে ফেরার সময় দেখি তারা পরস্পরের গা চাটছে আশ্লেষে। কোন জড়তা নেই, সাবলীল। এবার আমার মনে হল- সত্যি! ভালবাসা কি সুন্দর!

বাসায় এসে গোসল সেরে ডিনার সারলাম। রুটি সবজি এবং এক মগ দুধ। রাতে আমরা বরাবর এইই খাই। রিয়ার ঠিক করে দেয়া মেন্যু। রিয়া, আমার স্ত্রী পেশায় ডাঃ। আমি পুরোপুরি ওর উপর ডিপেন্ডেন্ট। রিয়া ছাড়া আমার একদম চলে না এবং ভালো লাগেনা। রিয়াই বাসার সব কিছু সামলায়। আমাদের একমাত্র সন্তান এখন ক্লাশ টু এ পড়ছে, ওর ব্যাপারগুলি, সংসারের নানা দিকগুলি, আত্মীয়স্বজন, সামাজিকতা সবই রিয়া দ্যাখে। আমি এসব নিয়ে মাথা ঘামাই না।

রিয়ার চারিদিকে এত নজর, সবার প্রতি এত খেয়াল যে আমার আর বাড়তি কিছু দেখার প্রয়োজন পরে না। বরং আমাকেও ঠিকঠাক দেখেশুনে রাখে রিয়াই। সাতদিনের জন্য ও দেশের বাইরে গেছে যাবার আগে ওর মা মানে আমার শাশুড়িকে এনে রেখে গেছে, বেবির জন্য। নানিকে পেলে আমার বেবি একদম ঠান্ডা থাকে কোন সমস্যা করে না। উনার বয়স হয়েছে, হাই প্রেসার এর মানুষ নিয়ম করে চলেন। উনিও তাড়াতাড়িই খেয়ে নেন। কেবল বেবি ঝামেলা করে। সময়মত খেতে চায়না। সে টিভির সামনে বসে খায় এবং তাকে তুলে খাওয়াতে হয়। সেটাও সেট করা আছে। মতিনা নামে এক মাঝ বয়সি মহিলা অনেকদিন ধরেই আছে। বেবির জন্মের আগ থেকেই আছে, কাজেই ওদিকটাও নিশ্চিত। আমাদের খাওয়া শেষ হলে টেবিল তুলে ফেলে মতিনা বেবির খাবার নিল। ওকে খাইয়ে, সকালে স্কুলের টিফিন রেডি করে রেখে ও চলে যায়। নিচের সিকিউরিটিদের কেউ ওকে এগিয়ে দিয়ে আসে বা এমন কিছু সুব্যবস্থা করা আছে। খাওয়া শেষে ক্লাবে না গিয়ে ড্রয়িং রুমে আমি টিভি ছেড়ে বসলাম। জানিনা কি কারনে অস্থির লাগছে, চ্যানেলের পর চ্যানেল যাচ্ছে আসছে... বেবির খাবার নিয়ে মতিনা এল। এখন বেবি কার্টুন দেখবে আর খাবে। তাও খেতে চায়না, মতিনা অসাধ্য সাধন করে। করে বলেই রিয়া এবং আমরা সবাই ওর উপর খুব সন্তুষ্ট, রিয়া তো রীতিমত কৃতজ্ঞ। বেবি কার্টুন দেখে মতিনা ওর মুখে খাবার দেয় সে বহুক্ষণ গালে ধরে বসে থাকে। মতিনা আদর করে বলে -

-সোনা মামণি খাও জলদি, তোমারে ঘুমাইতে হইব, কাল ইশকুল আছে। আমি আবার বাড়িত যামু... লও মা লও।

বেবি এক সোফা থেকে লাফ দিয়ে আরেক সোফায় যায় তাল দিয়ে মতিনাও এদিক ওদিক যায়। নানা কথা বলে, আর সীমাহীন ধৈর্য্য নিয়ে পুরো খাবারটুকু খাওয়ায়। আমার মাঝে মাঝে বিস্ময় লাগে। এদের এত ধৈর্য্য! হাত বাড়িয়ে বেবির মুখে গ্রাস দিতে গেলে ওর বগলের নিচ দিয়ে আমার চোখ ভেনাস চ্যানেলে আটকে যায়। মতিনার বয়স কত জানিনা, কিন্তু এখনও বেশ বাঁধন আছে শরীরে। প্রথমে সে কিছুই টের পায়না, কিন্তু মেয়েরা কেমন করে যেন সব বুঝে ফেলে। মতিনাও বুঝতে পারল, সে শাড়িটা ঘুড়িয়ে ভালোভাবে ঢেকে নিল। কিন্তু বেবিকে সামলাতে গিয়ে আবার যে কে সেই... চোখ আবার ভেনাসে... বিরক্ত, বিস্মিত বা ভীতু মতিনা এবারে এক হাতে থালা আর এক হাতে বেবির হাত ধরে ওর নানির রুমে চলে গেল। প্রতিদিন সব কাজ শেষে মতিনা চলে গেলে আমিই দরোজা লাগাই। ওরা দুজন আম্মার রুমে গেলে আমি সকল চ্যানেলের সুইচ অফ করে বেডরুমে চলে এলাম। কেবল ডিমলাইট জ্বালিয়ে রাখলাম। ভেনাস চ্যানেলের অপেক্ষা। সব কাজ শেষে মতিনা দরজার কাছে এসে বলল-

-ভাইজান আমি গেলাম। আমি মৃদু স্বরে ডাকলাম

-মতিনা---

-জি ভাইজান! বলে সে ওখানেই দাঁড়িয়ে রইল। একটু পরে আবার বলল ভাইজান সব কাম কাজ শ্যাষ আমি গেলাম। আমি আবারো ডাকলাম

-মতিনা, ভেতরে আসো। চট করে সে এলোনা, একটু সময় নিয়ে ধীরে ধীরে দরোজার ভেতরে এলেও পর্দা হাতে পেঁচিয়ে দাঁড়িয়ে রইল-

-মতিনা, আমার শরীর ভাল না, আজ তুমি এখানেই থেকে যাও। এ কথার অন্তর্নিহিত অর্থ না বোঝার মত মেয়ে জগতে আছে বলে মনে হয়না। আমার মনে হল মতিনার উপর বজ্রপাত হল, ওর ছায়ামুর্তিটি একটা ঝাকুনি দিল! কিন্তু তৎক্ষণাৎ সে নিজেকে সামলে নিল। কন্ঠ বেশী রকম স্বাভাবিক রেখে উদ্বিগ্ন স্বরে বলে উঠল-

-কি হইছে ভাইজান! আপনি ডাঃ এর কাছে মোবাইল করেন, আমি নিচে সিকিউরিটিকে ডাকতেছি, সামনের বাসায় বলে আসি...

-না, না ওসব লাগবেনা। তুমি আমার মাথাটা টিপে দাও, দিলেই ঘুম চলে আসবে, ঘুমালেই সব ঠিক হয়ে যাবে। মনে হলো মতিনার পা মাটির সাথে গেথে গেল। নড়তেও পারেনা, কিছু বলতেও পারেনা। কিছু সময় গেলে সে বলল-

-আমি আইতাছি... কই যাও? এই... এইযে হাত ধুয়ে আসি।

-তাড়াতাড়ি আসো। সে চলে গেলে আমি উঠলাম টাকার জন্য, মতিনাকে মোটা অংকের কিছু টাকা দিতে হবে আর আমাকেও সিগারেট ধরাতে হবে। সিগারেট ধরিয়ে মানিব্যাগ খুলে দেখি তেমন টাকা নেই।

ওয়ার্ড্রোবের ড্রয়ার টান দিলাম টাকা নেবার জন্য দেখি সেখানে একটি চমৎকার র‍্যাপিং করা প্যাকেট, কপাল কুচকে গেল কি হতে পারে! কে রেখেছে! নিয়ে বিছানায় চলে এলাম ঠোঁটের ফাঁকে সিগারেট রেখে র‍্যাপিং খুলে দেখি অদ্ভুত সুন্দর একটি ফ্রেমে রিয়া ও আমার দুজনের চমৎকার একটি ছবি বাঁধানো যার নিচে গোটা গোটা করে লেখা-

"আমি তোমারে পেয়েছি অজানা সাধনে"

*শুভ জন্মদিন টুকটুকির বাবা*

বজ্রপাত হল- যেন এক বজ্রাহত তালগাছ। ফ্রিজ হয়ে গেলাম। আমার মনে ছিলনা কেবল ঘাড় ঘুড়িয়ে দেখি রাত ১২ টাই বাজে। একটু পরেই রিয়া ঠিক ফোন দেবে। এই মুহুর্তে আমি রিয়ার সাথে কথা বলতে চাইনা। আমি টলতে টলতে দরোজার কাছে এসে গলা তুলে বললাম –
-মতিনা, তুমি চলে যাও! দরজা লাগিয়ে আমি বারান্দায় চলে এলাম।

বারান্দায় পাশাপাশি দুটো চেয়ার পাতা আছে আমরা মাঝে মাঝে বসি। সেখানে বসে বসে আমি একটার পর একটা সিগারেট টেনে গেলাম। নিজের উপর ঘেন্নায় আমার মরে যেতে ইচ্ছে হল। আমি কি? আমি কি একটা মানুষ! এই তবে আমার আসল চেহারা যা অন্য সময় ঢাকা পড়ে থাকে, আজ সুযোগ পেয়ে দাঁত মুখ খিচিয়ে বেড়িয়ে পরেছে! মতিনা আমাকে কত শ্রদ্ধা করে, আমাকে প্রায় দেবতা জ্ঞান করে! আমার বাচ্চাটাকে মাতৃস্নেহে বড় করছে! উফ এটা আমি কি করলাম! কেন করলাম! মুহুর্তের ভুল মানুষকে এক নিমিষেই কোথায় নিয়ে যায়! আর আমার রিয়া! আহ! ঈশ্বর! আমি যে প্রায় প্রতি বছর বাইরে যাই রিয়া একা একা থাকে। রিয়া কি কখনও এমন কিছু ভাবে? না না না আমি জানি রিয়া এমন ভাবতে পারেনা। আমি এও জানি আমি যদি টানা বছরের পর বছর বাইরে থাকি আমার রিয়া অচঞ্চল অটল থাকবে। কোনোরকম অশুচিতা ওকে স্পর্শ করতে পারেনা।
তাহলে আমার মধ্যে দুর্বলতা এলো কেন?
এই কি তবে আমার শিক্ষা! সংযম! আমি না রিয়ার স্বামী, বেবির বাবা, মতিনার ভাইজান, আমি না একটা এত বড় পোষ্ট দখল করে আছি! আমি না প্রতিদিন শাহবাগে গিয়ে সত্য, ন্যায় ও সুন্দরের জন্য গলার রগ ফুলিয়ে শ্লোগান দেই ...
আমি এখন কি করব? রিয়া ফিরে এলে সব বলব! আমি না বললেও মতিনা ত বলে দেবে, ও কি কেবল রিয়াকেই বলবে, নাকি পুরো এই অফিসার্স কলোনি রাষ্ট্র করে দেবে! এখন কি করি আমি!
বারান্দায় বসে বসেই আমি রাত পার করে দিলাম। ঘর বারান্দা ভর্তি হয়ে গেল সিগারেটের মোথায় আর গন্ধে। মাঝে মাঝে জ্বলন্ত সিগারেট দেখে ইচ্ছে হল নিজেকে আগুনের ছ্যাকা দেই। ঝিম মেরে বসে থাকতে থাকতে আবার উঠে আমি সেই ফটোফ্রেম খানা দেখলাম, সেখানে যা ফুটে আছে তা দেখলাম যা নেই তাও আমি দেখতে পেলাম। রিয়া আমারে পেয়েছে, নাকি সত্যিকারের অর্থে তাকেই আমি পেয়েছি কোন এক পুন্যের বলে! মাত্র তিন দিনের তাড়াহুড়োয় সে সব কিছু রেডি করেছে, অফিসিয়াল কাগজপত্র, এর মধ্যে বাসার সব ব্যবস্থা করা, নিজের কর্মস্থলের ব্যবস্থা, আবার ঠিক মনে রেখে জন্মদিনের...উফ! সেটা বুকে জড়িয়ে ক্ষোভ, নিজের প্রতি ঘৃণা, অনুশোচনায় আমি হাহাকার করে উঠলাম, সেটাই হয়ত পুরুষের কান্না।
আত্মগ্লানি ও আত্মশুদ্ধির ঘুর্ণিপাকে একটা ঘোরের মধ্যেই তাকিয়ে দেখি তখনও সুষুপ্তির ঘোর কাটেনি। প্রকৃতি শান্ত, স্তব্ধ, ধ্যানমগ্ন চরাচর কুয়াশার চাদরে মোড়া। কিছুক্ষণ পরেই পুর্ব দিগন্তে দেখা মিলল জবাকুসুম সুর্যের- অন্ধকারের দুয়ার ভেঙ্গে সেই জোতির্ময়ের আবির্ভাবে ধীরে ধীরে সবকিছু পরিষ্কার হয়ে উঠতে লাগল। ধীরে ধীরে পরিষ্কার হয়ে উঠতে লাগল চেতনা, বোধের দেয়াল। মনে পড়ল আমার নিজের ভেতরের এক আমিকে। মনে পড়ল আমার স্ত্রী, আমার বন্ধু, আমার সন্তানের মা রিয়ার কথা। আমার দেখা পবিত্র এক মুখ। আজ ও ফ্লাই করবে, কাল ভোরে পৌঁছে যাবে।
একসময় উঠে আমি অতি দ্রুত ঘরের সব কিছু চেঞ্জ করে ফেললাম, বেডকভার, বালিশের কভার, তোয়ালে যা কিছু ছিল সব ময়লা কাপড়ের বাস্কেটে রাখলাম, ঘরের সব দরজা জানাল খুলে দিলাম, আসুক ভোরের বিশুদ্ধ বাতাস শুচি হোক আমার স্বর্গ। আমি নিজে অনেক সময় নিয়ে গোসল সারলাম, বের হয়ে আমার কিছুটা ভালো লাগতে লাগলো মনে হল আমার শরীর হয়ত শুদ্ধ হল কিন্তু মন! মন কি করে বিশুদ্ধ করা যায়! ভেবেও কিছু পেলামনা। রিয়া প্রতিদিন ভোরে ছোট্ট একটি বই নিয়ে সুরা আর-রহমান পড়ে এবং আমাকে ও বেবিকে ফু দেয়, এ ব্যাপারে কখনই ওর ভুল হয় না। মাঝে মাঝে আমি এ নিয়ে ঠাট্টা মশকরা করলেও রিয়া এ ব্যাপারে ভীষণ সিরিয়াস। আমার কি মনে হল সেই ছোট্ট বইটি হাতে নিলাম এবং গভীর মনোযোগের সাথে পড়লাম। যার পরতে পরতে উচ্চারিত হচ্ছে- "তবে তোমরা রবের কোন কোন নেয়ামতকে অস্বীকার করবে"! আমার মনে হল আমার পরিবারই আমার সবচেয়ে বড় নেয়ামত। এর জন্যই আমি গভীর কৃতজ্ঞতা স্বীকার করি। একবার নয়, এ ব্যাপারে হাজারবার আমি নতজানু হই।
বেবির সবকিছু রেডি করতে লাগলাম, জানি মতিনা আর আসবেনা। কিন্তু দেখি মতিনা কখন এসেছে, আম্মা হয়ত দরোজা খুলে দিয়েছে। কেবল আসেইনি, প্রতিদিনের মত সকল কাজ করে যাচ্ছে। আমি আবারো নতি স্বীকার করলাম। মনে মনে ভাবলাম- আচ্ছা এরা কি! রিয়া মতিনা সবাই কি এক! মায়ের জাত বলেই কি এদের ভেতরে এক আলাদা কোন জিন আছে যা আমার মত নালায়েক পুরুষদের মধ্যে নেই। যেন কাল রাতে কিছুই হয়নি, যেন কেউ তার নারীত্বকে অবমাননা

করেনি, অন্যান্য  দিনের মতই মতিনা সকালের হাক ডাক, কর্মচাঞ্চল্য শুরু করে দিয়েছে-একজন অশিক্ষিত শ্রমজীবী মহিলার ঔদার্য আমার অন্তর্দহনকে যেন আরো বাড়িয়ে দিল।
“বাবা”, এদিকে আসো ঘর থেকে আমার শাশুড়ি ডাকলেন। ধীর পায়ে ঢুকে দেখি তার হাতে ছোট্ট একটি সুদৃশ্য বক্স সেটি আমার হাতে দিলেন,  রাতজাগা খরখরে চোখ কেন যেন ভিজে আসতে লাগলো আমি নিচু হয়ে তার পা স্পর্শ করলাম। তিনি আমার মাথায় আশির্বাদের পুন্যময় হাত রাখলেন। কথা বলতে পারলাম না। ঘুরে দাঁড়াতেই কোত্থেকে একটি ছোট্ট হরিণ শাবক ত্রস্ত ছুটে এসে বাসা বাড়ি কাঁপিয়ে চিৎকার করে উঠল –
-হ্যাপি বার্থ ডে বাবাআআআআআআআ
বলেই লাফ দিয়ে একেবারে বুকের ভেতরে। তার হাতে একটি ঢাউস আর্ট পেপার। সেটি আমার জন্মদিনের গিফট। সে আমাদের সকলের ছবি এঁকেছে, কত তার রঙ! কি তার অপার্থিব সৌন্দর্য্য! যত রঙের পেন্সিল আছে সব মনে হয় ব্যবহার করেছে। কী উজ্জ্বল আর অমলিন সেই ছবি- কোন অশুচিতার সাধ্য কি তাকে স্পর্শ করে!  আবার তীরচিহ্ন দিয়ে পরিচয় দিয়েছে- বাবা, মা, নান্না,  আন্নি আর বেবি...

রূপং দেহি,
জয়ং দেহি,
যশো দেহি,
দ্বিষো জহি ॥

অঙ্কুর
১৪২৫



| 2017 Ankur Expenses | | | |
|---|---|---|---|
| | | Expense | Revenue |
| **Saraswati Pujo** | | | |
| | Food expense | $ 1,250.00 | $ 1,250.00 |
| | Misc Expenses - Mandap Prep, Gas etc | $ 110.71 | |
| | Gift Expenses (including stationaries) | $ 237.70 | |
| | Professional help for 1 day | $ 200.00 | |
| | Hall Rent | $ 450.00 | |
| | Annual Membership Collection | | $ 6,975.00 |
| | | | |
| | | | |
| **Holi** | | | |
| | Food expense | $ 350.00 | $ 350.00 |
| | Misc (Propane, Colours, Gifts, paper plates, snacks, soda etc) | $ 231.10 | |
| | Revenue (Annual membership and event fees) | | $ 3,070.02 |
| | | | |
| | | | |
| **Picnic** | | | |
| | Bus | $ 1,500.00 | $1,500.00 |
| | Park rental | $ 63.84 | $63.84 |
| | Food expense & Stationaries | $ 531.93 | |
| | Revenue | | $ - |
| | | | |
| **Camping** | | | |
| | Camping profit after all expenses | | $ 865.31 |
| | | | |
| **Durga Puja** | | | |
| | External Artist expense | $ 11,479.00 | |
| | Food | $ 3,522.00 | $ 2,600.00 |
| | Indian Groceries | $ 1,377.09 | $ 1,377.09 |
| | Sweets | $ 500.00 | $ 500.00 |
| | Hall Rent | $ 4,170.00 | |
| | Magazine printing | $ 479.38 | |
| | Stage Lighting/Sounds/mikes etc | $ 1,065.00 | |
| | Karaoke | $ 78.62 | |
| | Costumes + Video Edit Software | $ 176.70 | |
| | Gifts | $ 230.00 | |
| | Purohit Training | $ 62.41 | |
| | Professional help for 3 days | $ 560.00 | |
| | Pujo Samagri | $ 22.00 | |
| | Pratima / Pandal Decoration | $ 1,009.77 | |
| | U-Haul | $ 251.72 | |
| | Propane tank | $ 109.26 | |
| | | | |
| | Revenue from collection and sponsorship | | $ 9,422.20 |
| | | | |
| **Corporate sponsorship and donation match program** | | | |
| Intel | | | $ 3,415.44 |
| Williams Sonoma | | | $ 1,000.00 |
| Others | | | $ 744.20 |
| SMUD | | | $ 250.00 |
| Help U Sell | | | $ 250.00 |
| Elk Grove Airporter | | | $ 500.00 |
| Amazon | | | $ 24.87 |
| | **CASH IN BOX** | | $ 915.00 |
| | | | |

# CELEBRATING 11 YEARS OF ANKUR

| | | | |
|---|---|---|---|
| **Fixed Expense** | | | |
| | Storage | $ 1,700.00 | |
| | Website maintance | $ 155.88 | |
| | Insurance for non profit organization | $ 500.00 | |
| | Attorney General charitable trusts | $ - | |
| | Taxes & Penalty | $ - | |
| 2018 Saraswati Pujo advance payment | | $ 200.00 | |
| | | | |
| **One Time Expenses** | | | |
| | Stove/Utensil - Sikandar | $ 90.40 | |
| | Gift Stationaries | $ 48.78 | |
| | Uttorio & Medals | $ 65.00 | |
| | Buckets | $ 72.00 | $ 72.00 |
| **Total Expense** | | **$ 32,850.29** | |
| **Total Revenue** | | | **$ 35,144.97** |
| **NET PROFIT / LOSS** | | **$ 2,294.68** | |

# Ankur Past Celebrations SO MUCH FUN!!





**Our sincere thanks to all our volunteers for helping at all our events.**

# Thanks To Our New Purohit Team

***Shyamal Chattaraj (Head Priest), Abhik Banerjee, Apratim Ghoshal, Sujana Ghoshal***

*Ankur wishes everyone a Joyous Durga Puja*

**Disclaimer: The views expressed by all contributors to Dishari 2017 are essentially their own. The Ankur Board or the Editor or the Designers have no responsibility to support or oppose the contents of any contribution, spelling or grammatical errors.**

# *Looking Back*














# Do You Remember?
















# Dishari Editorial Team

## 2018





**Abhijit Kumar Roy** • ***Editor-in-chief***



**Abhishek Bhattacharyya** • ***Coordinator***



**Tandra Banerjee** • ***Layout & Design***



**Debolina Chowdhury** • ***Editor (English)***



**Upali Dutta** • ***Editor (Bengali)***




**Urshita Panda** • ***Child Editor***



**Aritra Bera** • ***Child Editor***


With the compliments of
Sumit Bose and Family
and
Fairway Freight
Enterprise
Freight Shipping Made Simple